




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

সোমবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৯৭ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১৬ শ্রাবণ ১৪৩০ ॥ ১২ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ৩১ জুলাই ২০২৩








## ইসি অক্টোবরে নির্বাচনের তফসিল ঘোষণা করবে



**নিজস্ব প্রতিবেদক :** প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল বলেছেন, অক্টোবরে আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করবে নির্বাচন কমিশন (ইসি)। ডিসেম্বরের শেষে অথবা আগামী বছর জানুয়ারির শুরুতে এই নির্বাচন অনুষ্ঠিত হবে।

## বিএনপির অপরাজনীতি ঠেকাতে নির্বাচন পর্যন্ত মাঠে থাকব



**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, বিএনপির অপরাজনীতি ঠেকাতে আওয়ামী লীগের নেতা-কর্মীরা নির্বাচন পর্যন্ত মাঠে থাকবে। শনিবার রাত দশটায় তিনি রাজধানীর উত্তরায় ক্রিসেন্ট ২-এর পাতায় দেখুন

## ইসির চায়ের আমন্ত্রণ প্রত্যাখ্যান করলেন রিজভী



**নিজস্ব প্রতিবেদক :** নির্বাচন কমিশনের (ইসি) চায়ের আমন্ত্রণ প্রত্যাখ্যান করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। রোববার (৩০ জুলাই) দুপুরে নির্বাচন কমিশনে বিএনপির আয়-ব্যয়ের হিসাব জমা দিতে গেলে ইসি সচিব বিএনপি নেতাকে চায়ের আমন্ত্রণ জানালে তিনি তা ২-এর পাতায় দেখুন

## আরও ৫০টি মডেল মসজিদ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ সমাজে ইসলামের সত্যিকারের বার্তা পৌঁছানোর সরকারি পদক্ষেপের অংশ হিসেবে সারা দেশে আরও ৫০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধন করেছেন।

তিনি এখানে তার সরকারি বাসভবন গণভবন থেকে ভার্চুয়ালি যোগদান করে পঞ্চম পর্বে আটটি বিভাগের ৩৪টি জেলার এ মসজিদগুলো উদ্বোধন করেন।

সারাদেশে ৯,৪৩৫ কোটি টাকা ব্যয়ে নির্মিত ৫৬৪টির মধ্যে নতুনগুলোসহ প্রধানমন্ত্রী এ পর্যন্ত ২৫০টি মসজিদ উদ্বোধন করেছেন।

তিনি এর আগে ২০২১ সালের ১০ জুন, ২০২৩ সালের ১৬ জানুয়ারি, ১৬ মার্চ, ২-এর পাতায় দেখুন

# তাদের ভয়ঙ্কর অগ্নিসন্ত্রাসী রূপ আবার দেখলাম

**নিজস্ব প্রতিবেদক :** সরকার হটানোর আন্দোলনে থাকা বিএনপি আবারও 'ভয়ঙ্কর অগ্নিসন্ত্রাস' শুরু করেছে মন্তব্য করে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

রোববার (৩০ জুলাই) দেশের বিভিন্ন জেলায় আরও ৫০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে এ সতর্কবার্তা দেন প্রধানমন্ত্রী।

শেখ হাসিনা বলেন, "তাদের (বিএনপি) চরিত্র তো জানেন, তারা অগ্নিসন্ত্রাসী। গতকালকেও দেখেছেন। কতগুলো বাস পুড়িয়েছে। এর আগেও জীবন্ত মানুষগুলোকে পুড়িয়ে পুড়িয়ে



হত্যা করেছে। গতকালকেও তাদের ভয়ঙ্কর অগ্নিসন্ত্রাসী রূপ আবার দেখলাম। বাংলাদেশে যেন এ ধরনের সন্ত্রাসীরা ক্ষতি করতে না পারে সেজন্য সকলের কাছে আমার আহ্বান থাকল।"

শেখ হাসিনা বলেন, জাতির পিতাকে হত্যা করার পর ইসলামের নাম নিয়ে অনেকে ক্ষমতায় এসেছে। কিন্তু ইসলাম ধর্মের প্রচার প্রসারে কোনো পদক্ষেপ নেয়নি।

১৯৯৬ সালে যখন আওয়ামী লীগ সরকার গঠন করে, তখন ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব কোনো ভবন ছিল না জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, আমি ১০ তলা ভবন নির্মাণ করে দিই। জেলায় জেলায় কোনো স্থায়ী অফিস ছিল না, মাত্র ৩৪টি জেলায় অফিস ২-এর পাতায় দেখুন

## বিএনপিকে সতর্ক করল কূটনীতিকরা

**নিজস্ব প্রতিবেদক :** শান্তিপূর্ণ আন্দোলনের শর্ত দিয়েছিল কূটনীতিকরা বিএনপিকে। কিন্তু ২৯ জুলাই সেই শর্ত লঙ্ঘন করেছে বিএনপি। কূটনৈতিক মহল ২৯ তারিখের ঘটনাবলি বিচার বিশ্লেষণ করে দেখেছে। বিশেষ করে ইউরোপীয় ইউনিয়নসহ পশ্চিমা দেশের কূটনীতিকরা মনে করছেন যে, এই ঘটনায় বিএনপি বাড়াবাড়ি করেছে। বিএনপির কিছু কিছু কর্মী সহিংসতাকে উস্কে দিয়েছে। আর এ কারণেই বিএনপিকে সতর্ক করল কূটনীতিকরা। তবে মার্কিন যুক্তরাষ্ট্রের মনোভাব এখন পর্যন্ত স্পষ্ট নয়।



বিভিন্ন সূত্রগুলো বলছে, এই ঘটনার জন্য কারা দায়ী তা মার্কিন যুক্তরাষ্ট্র খতিয়ে দেখছে। খতিয়ে দেখার আগে এ সম্পর্কে কোনো পক্ষকেই তারা দায়ী করবে না বলে জানা গেছে। ২৯ জুলাই বিএনপি ঢাকা শহরের প্রবেশ পথগুলোতে অবস্থান কর্মসূচি পালন করে। এ কর্মসূচি মুহূর্তেই সহিংস হয়ে উঠে। বিভিন্ন স্থানে গাড়িতে অগ্নিসংযোগসহ বিভিন্ন অনভিপ্রেত ঘটনা ঘটেছে। এই ঘটনার পর অবশ্য বিএনপি সংবাদ সম্মেলন করে দাবি করেছে যে, ঘটনার জন্য আওয়ামী লীগ এবং ২-এর পাতায় দেখুন

### ঝিনাইদহে আওয়ামী লীগের বিক্ষোভ সমাবেশ

## বিএনপি-জামাত আবারো দেশে অগ্নি সন্ত্রাস শুরু করেছে : আব্দুল হাই এমপি

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে বিএনপি জামাত ও দেশ বিরোধী অপশক্তির আগুন সন্ত্রাসের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। জেলা আওয়ামীলীগের উদ্দোগে জেলা কার্যালয় চত্তর থেকে রোববার সকাল সাড়ে ১১ টার দিকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি পায়রা চত্তর, কেসি কলেজ সড়কসহ বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করে পোস্ট অফিস মোড়ে এসে শেষ




হয়। পরে সেখানে অনুষ্ঠিত হয় সমাবেশ।

সেসময় জেলা আওয়ামীলীগের সভাপতি ও সংসদ সদস্য আব্দুল হাই, সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু বক্তব্য রাখেন। অনুষ্ঠানে আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগসহ বিভিন্ন সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

সমাবেশে জেলা আওয়ামী লীগের সভাপতি ও সংসদ ২-এর পাতায় দেখুন




মাদকদ্রব্য অপব্যবহার অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে রোববার সকালে জেলা প্রশাসনের কার্যালয় চত্বর থেকে একটি র‍্যালী বের করা হয়। র‍্যালীতে নেতৃত্ব দেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

## সন্দেহের তীর গয়েশ্বর-আমানের দিকে

**নিজস্ব প্রতিবেদক :** আমানউল্লাহ আমান ও গয়েশ্বর চন্দ্র রায়ের প্রতি সরকার যে সহানুভূতি এবং সৌহার্দ্য দেখিয়েছে সেটিকে ভালভাবে নেয়নি বিএনপি নেতারা। যদিও বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর গতকাল প্রকাশ্যে সংবাদ সম্মেলনে বিএনপির নেতাদের কাছে খাবার ও ফুল পাঠানো সরকারের নাটক বলে মন্তব্য করেছেন। মার্কিন ভিসানীতি থেকে নিজেদের রক্ষা করার জন্য, নিজেদের নিরপরাধ প্রমাণ করার জন্য সরকার এ ধরনের নাটক সাজিয়েছেন বলে মন্তব্য করেন তিনি।

অন্যদিকে প্রধানমন্ত্রীর সহানুভূতির জন্য ২-এর পাতায় দেখুন

### ঝিনাইদহে আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে স্মার্ট কর্ণার উদ্বোধন

# স্মার্ট বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়ন করবে স্মার্ট কর্ণার : কবির বিন আনোয়ার



# আওয়ামী লীগের স্মার্ট কর্ণার থেকে গুজবের জবাব দেওয়া হবে : আব্দুল হাই এমপি

**নিজস্ব প্রতিবেদক :** স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের কার্যালয়ে স্মার্ট কর্ণারের উদ্বোধন করা হয়েছে। রোববার বিকেলে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও সাবেক মন্ত্রী পরিষদ সচিব কবির বিন আনোয়ার ফিতা কেটে এ কর্মসূচীর উদ্বোধন করেন। সেসময় জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই, সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, প্রযুক্তিবিদ সুফী ফারুক ইবনে আবু বকরসহ জেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় স্মার্ট বাংলাদেশ গড়া ও বিএনপি জামায়াতের অপপ্রচার রোধে সকল নেতাকর্মীদের সচেতন হওয়ার আহ্বান জানান।

নির্বাচন পরিচালনা কমিটির নেয়া 'রোড টু স্মার্ট বাংলাদেশ' কর্মসূচীর আওতায় সারা দেশে স্মার্ট কর্নার চালু করা হবে। সরকারের উন্নয়নমূলক সব কাজ সাধারণ মানুষের সামনে তুলে ধরতে স্মার্ট কর্নার বিশেষ ভূমিকা রাখবে বলে আশা সংশ্লিষ্টদের।

অনুষ্ঠানের প্রধান অতিথি কবির বিন আনোয়ার বলেন, '২০০৮ সালের নির্বাচনের প্রাক্কালে প্রধানমন্ত্রী দিনবদলের সনদ ঘোষণা করেছিলেন। তাতে বলা ছিল, ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করব। দেশকে ডিজিটাল বাংলাদেশে পরিণত করব। প্রধানমন্ত্রীর সুদূর প্রসারী নেতৃত্বের ফলে আমরা সেটি এরইমধ্যে অর্জন করতে সক্ষম হয়েছি। এখন তিনি জাতির সামনে একটি লক্ষ্য নির্ধারণ করেছেন, আর সেটি হবে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশ। ২০৪১ সালে তিনি যে উন্নত বাংলাদেশের কথা বলছেন সেটি হলো উন্নত, আত্মমর্যাদাশীল ও স্বনির্ভর দেশ। কারও মুখাপেক্ষী নয়, মাথা উঁচু করে দাঁড়ানো।'

অনুষ্ঠানের বিশেষ অতিথি আব্দুল হাই এমপি বলেন, এই কর্নারে স্মার্ট ও দক্ষ কর্মী তৈরি করা হবে। এখানে প্রশিক্ষণ নিয়ে দক্ষ হয়ে তারা দেশের বিরুদ্ধে ২-এর পাতায় দেখুন

## আওয়ামী লীগকে আবারো রাষ্ট্রক্ষমতায় আনতে এম এ রাজ্জাক খানের গণসংযোগ ও পথসভা

**নিজস্ব প্রতিবেদক :** আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচনে আওয়ামী লীগকে আবারো রাষ্ট্রক্ষমতায় আনতে নৌকার পক্ষে গণসংযোগ ও পথসভা করেছে মিনিস্টার মাই ওয়ান গ্রুপের চেয়ারম্যান, বাংলাদেশ কেন্দ্রীয় আওয়ামী লীগের অর্থ ও পরিকল্পনা উপ-কমিটির সদস্য, এফ বি সি সি আই'র সহ-সভাপতি এম এ রাজ্জাক খান রাজ। গতকাল সকাল থেকে বিকাল




পর্যন্ত চুয়াডাঙ্গা সদর উপজেলার নবগঠিত মাখালডাঙ্গা ইউনিয়নের গাইটঘাট গ্রামে নৌকার পক্ষে গণসংযোগ করেন তিনি।

সেসময় রাজ্জাক খান প্রধানমন্ত্রীর বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড সাধারণ মানুষের মধ্যে তুলে ধরে বলেন, বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারকে ভোট দিলে ২-এর পাতায় দেখুন



### দীর্ঘ ২৭ বছর শৈলকুপা পৌর আওয়ামী লীগের কমিটি ঘোষণা

## সভাপতি কাজী আশরাফুল আজম সম্পাদক ওয়াহিদুজ্জামান ইকু

**নিজস্ব প্রতিবেদক :** দীর্ঘ ২৭ বছর পর ঝিনাইদহের শৈলকুপা পৌর আওয়ামী লীগের কমিটি ঘোষনা করা হয়েছে। রোববার দুপুরে জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ ২-এর পাতায় দেখুন

## সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে শৈলকুপায় আওয়ামী লীগের শান্তি সমাবেশ ও বিক্ষোভ মিছিল

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** বিএনপি-জামায়াতের সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় শান্তি সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। রবিবার বিকেল সাড়ে ৫টায় পৌরসভার প্রধান সড়কে বিক্ষোভ মিছিল করে উপজেলা ও পৌর আওয়ামী লীগ। মিছিল শেষে চার রাস্তার মোড়ে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়। উপজেলা আওয়ামী লীগের



সভাপতি মতিয়ার রহমান বিশ্বাসের সভাপতিত্বে শান্তি সমাবেশ ও বিক্ষোভ মিছিলে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম হাকিম আহমেদ, পৌর আওয়ামী লীগের নবনির্বাচিত সাধারণ সম্পাদক আলহাজ্ব শিকদার ওয়াহিদুজ্জামান ইকু, যুগ্ম সাধারণ সম্পাদক রেজাউল ২-এর পাতায় দেখুন

## এসএসসিতে গোল্ডেন এ প্লাস পেয়েছে টিএ রাফা



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার দুধসর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তরুন রাজনীতিবিদ টিএ রাজু'র মেধাবী কন্যা টিএ রাফা এবারের এসএসসি পরীক্ষায় মেধার স্বাক্ষর রেখেছেন।

এসএসসিতে বিজ্ঞান বিভাগ থেকে গোল্ডেন এ প্লাস পেয়েছে সে। মেধাবী রাফা টিএ রাজু ও পলি খাতুনের প্রথম সন্তান। সে ভাটই মাধ্যমিক বিদ্যালয় থেকে এসএসসি পাশ করেছে। ছোটকাল থেকেই ২-এর পাতায় দেখুন

## শান্ত দেশটাকে যারা অশান্তির আগুনে পোড়াতে চাচ্ছে তাদেরকে আমরা সফল হতে দেবো না : এমপি ছেলুন জোয়ার্দ্দার

**এম এ মতিন, চুয়াডাঙ্গা :** আন্দোলনের নামে বিএনপি কর্তৃক অগ্নিসংযোগ, ভাংচুর, সরকারি সম্পদ ক্ষতি সাধন ও নৈরাজ্যের প্রতিবাদে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন (এম পি) এর নেতৃত্বে এক বিশাল বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।



রোববার বিকেলে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয় থেকে বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে দলীয় কার্যালয়ে এসে শেষ হয়। পরে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশের সভাপতিত্বে করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি।

সেসময় তিনি বলেন, শান্ত দেশটাকে যারা অশান্তির আগুনে পোড়াতে চাচ্ছে ২-এর পাতায় দেখুন



চুয়াডাঙ্গা জেলার প্রথম দৈনিক "দৈনিক মাথাভাঙ্গা"
ঝিনাইদহ জেলার প্রথম দৈনিক "দৈনিক ঝিনাইদহ"
এবং "দৈনিক অধিবেশন" পত্রিকার

অন্যতম প্রতিষ্ঠাতা

জাতীয় দৈনিক মুক্তকণ্ঠ", "দৈনিক মানবকণ্ঠ", Times world, HelloToday
পত্রিকার শীর্ষ পদে একদা দায়িত্ব পালনকারী সাংবাদিক-সম্পাদক

আলী কদর পলাশ সম্পাদিত

দৈনিক এই আমার দেশ — Daily Eai Amar Desh — e-paper.eaiamardesh.com — www.eaiamardesh.com
দৈনিক গড়ব বাংলাদেশ — একসাথে গড়ব দেশ

নিয়মিত পড়ুন এবং বিজ্ঞাপন দিন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
# এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

সোমবার ৩১ জুলাই ২০২৩

# কয়লা সংকটে আবারও বন্ধ রামপাল তাপ বিদ্যুৎকেন্দ্র

**নিজস্ব প্রতিবেদক :** কয়লা সংকটে আবারও রামপাল তাপ বিদ্যুৎকেন্দ্রের উৎপাদন বন্ধ রয়েছে। রোববার (৩০ জুলাই) ভোরে কেন্দ্রটির উৎপাদন বন্ধ হয়ে যায়। বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি লিমিটেডের (বিআইএফপিসিএল) উপ-মহাব্যবস্থাপক আনোয়ারুল আজিম এ তথ্য নিশ্চিত করেছেন।



তিনি বলেন, কয়লা সংকটের কারণে ভোর সাড়ে তিনটায় প্রথম ইউনিটের উৎপাদন বন্ধ হয়ে যায়। কয়লা আমদানির জন্য সব ধরনের প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। ৮ আগস্ট কয়লা এসে পৌঁছালে পুনরায় উৎপাদনে যাবে বলে আশা প্রকাশ করেন তিনি।

এছাড়া টারবাইন ত্রুটির কারণে গত রোববার (১৬ জুলাই) বন্ধ হয়ে যায় রামপাল তাপ বিদ্যুৎকেন্দ্র। বিদ্যুৎ শক্তি উৎপাদনের ঘূর্ণায়মান যন্ত্র (টারবাইন) মেরামত শেষে বৃহস্পতিবার (২০ জুলাই) দুপুর থেকে উৎপাদন শুরু হয়।

এর আগে গত বছরের ১৭ ডিসেম্বর রামপাল তাপ বিদ্যুৎ কেন্দ্রটি চালু হওয়ার পর সাত মাসে পাঁচ বার বন্ধ হয়েছে বিদ্যুৎকেন্দ্রটি। উৎপাদন শুরুর পর প্রথম ১৪ জানুয়ারি, এরপর ১৫ এপ্রিল, ২৩ এপ্রিল, ৩০ জুন ও ১৬ জুলাই বন্ধ হয় এ বিদ্যুৎকেন্দ্রটি। বারবার বিদ্যুৎ কেন্দ্রটির প্রথম ইউনিটের উৎপাদন বন্ধ হওয়ায় দ্বিতীয় ইউনিটের বানিজ্যিক উৎপাদন শুরু হওয়া নিয়ে শঙ্কা প্রকাশ করেছেন সংশ্লিষ্টরা।

## বিদ্যুৎ-জ্বালানি সাশ্রয়ে অনলাইনে ক্লাস নেবে ইবি

**মোতালেব বিশ্বাস, ইবি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) জাতীয়ভাবে চলমান পরিস্থিতিতে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে প্রতি সপ্তাহে একদিন অনলাইন ক্লাস নেয়ার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয়ে কর্তৃপক্ষ। রোববার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এইচ. এম. আলী হাসান বিষয়টি নিশ্চিত করেছেন। তাঁর প্রজ্ঞাপন মতে আগামী সপ্তাহ থেকে প্রতি সোমবার বিশ্ববিদ্যালয় অনলাইনে ক্লাস হবে। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ এম আলী হাসান স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বলা হয়েছে, প্রশাসনের আদেশে আদিষ্ট হয়ে এ প্রজ্ঞাপন দেয়া হয়েছে। করোনা মহামারি ও বৈশ্বিক পরিস্থিতির কারণে সরকারি নির্দেশনা মোতাবেক উন্নয়ন প্রকল্পের ব্যয়, রেভিনিউ খাতের ব্যয় সাশ্রয় ও হ্রাস করা, জ্বালানি ও বিদ্যুৎ খাতের ব্যয় ২৫% সাশ্রয় করা আবশ্যক। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্বকারী সবার মতামত গ্রহণ করা হয়েছে এবং সহমত পোষণ করেছেন। এমতাবস্থায় প্রতি সপ্তাহে সোমবার অনলাইনে ক্লাস পরিচালনার জন্য সকল শিক্ষকদের অনুরোধ করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসমূহ সোমবার অনুষ্ঠিত হবে না আর বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ যথারীতি চলবে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচ এম আলী হাসান বলেন, প্রশাসনের আদেশে আদিষ্ট হয়ে ২-এর পাতায় দেখুন

# মেহেরপুর সরকারি মহিলা কলেজে বর্ষা যাপন অনুষ্ঠান

**মেহেরপুর প্রতিনিধি :** আষাড় সন্ধ্যা ঘনিয়ে এলো, গেল রে দিন বয়ে, বাঁধনহারা বৃষ্টিধারা, ঝরছে রয়ে রয়ে, রবীন্দ্রনাথ ঠাকুরের এই উক্তিকে সামনে রেখে মেহেরপুর সরকারি মহিলা কলেজে বর্ষা যাপন আলাপ ও সাংগীতিক আড্ডা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে মেহেরপুর সরকারি মহিলা কলেজ চত্বরে কলেজের বাংলা বিভাগের আয়োজনে এই বর্ষা যাপন আলাপ ও সাংগীতিক আড্ডা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মেহেরপুর সরকারি মহিলা কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান কাজী আশরাফুল আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম। অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন কলেজের বাংলা ২-এর পাতায় দেখুন



## কালীগঞ্জে পৌর আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

**বাদশা ফরহাদ, কালীগঞ্জ :** ঝিনাইদহ জেলার কালীগঞ্জ পৌর আওয়ামী লীগের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত। দেশব্যাপী বিএনপি জামাতের নৈরাজ্য ও অগ্নি সন্ত্রাসের প্রতিবাদে কালীগঞ্জে পৌর আওয়ামী লীগের উদ্যোগে একটি বিক্ষোভ মিছিল বিকেল ৫ টায় অনুষ্ঠিত হয়। পৌর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত আহবায়ক ফরিদ উদ্দিনের সভাপতিত্বে বিক্ষোভ মিছিলটি শহরের বিভিন্ন স্থান পরিদর্শণ করে। এরপরে উপজেলা আওয়ামীলীগের কার্যালয়ে এসে পৌঁছলে ? সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন কালীগঞ্জ পৌরমেয়র আশরাফুল আলম আশরাফ,উপজেলা ভাইসচেয়ারম্যান শিবলী নোমানী,পৌর আওয়ামী-যুবলীগের আহবায়ক শফিকুরজ্জামান রাসেল, যুগ্ম-আহবায়ক সাখাওয়াত হোসেন, পৌর শ্রমিকলীগের সভাপতি জাকির হোসেন, কালীগঞ্জ কোটচাঁদপুর মহেশপুর মটরশ্রমিক ইউনিয়নের সাধারন ২-এর পাতায় দেখুন

## ২০২২ সালে বিএনপির আয়ের চেয়ে ব্যয় কম

**নিজস্ব প্রতিবেদক :** নির্বাচন কমিশনের কাছে গতবছরের আয় এবং ব্যয়ের হিসাব দিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি। গতকাল রোববার দুপুরে আগারগাঁওয়ে নির্বাচন কমিশন সচিবালয়ে দলটির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী উপস্থিত হয়ে এই হিসাব জমা দেন। এতে দেখা যায়, ২০২২ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত দলটির মোট আয় ৫ কোটি ৯২ লাখ ৪ হাজার ৬৩২ টাকা।



## শৈলকুপায় শিক্ষক শুভাশীষ বিশ্বাস সাধন’কে সংবর্ধনা

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপার ভূমিপুত্র বাবু শুভাশীষ বিশ্বাস (সাধন) জাতীয় পর্যায়ে প্রধান শিক্ষক নির্বাচিত হওয়ায় ওম ফাউন্ডেশন এর পক্ষ থেকে সম্বর্ধনা দেওয়া হয়েছে। রোববার বিকাল ৪টায় শৈলকুপা পাবলিক হল ও লাইব্রেরির প্রকৌশলী ড. গোলাম মোস্তফা মিলনায়তনে সম্বর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুপম কুমার বিশ্বাসের সভাপতিত্বে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, স্বপন কুমার বাগচি, সাধারণ সম্পাদক শৈলকুপা পাবলিক ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে বিএনপির অগ্নি সন্ত্রাস,নৈরাজ্য সৃষ্টি ও সহিংসতার প্রতিবাদে বিক্ষোভ মিছিল

**নিজস্ব প্রতিবেদক :** দেশব্যাপি বিএনপির অগ্নি সন্ত্রাস,নৈরাজ্য সৃষ্টি ও সহিংসতার প্রতিবাদে গতকাল রোববার বিকালে ঝিনাইদহের মহেশপুর উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। বিকালে উপজেলা আওয়ামীলীগ কার্যালয় চত্তর থেকে থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে উপজেলা আওয়ামীলীগ কার্যালয় চত্তরে এসে শেষ হয়।

পরে উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদের সভাপতিত্বে অনুষ্ঠিত পথ সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদেও চেয়ারম্যান ময়জদ্দীন হামিদ,পৌর মেয়র আব্দুর রশিদ খান, ২-এর পাতায় দেখুন

# বাগেরহাটে গাছ কেটে সীমানা প্রাচীর ভেঙ্গে জমি দখলের অভিযোগ, থানায় মামলা

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাট সদর উপজেলার ডেমা এলাকায় গাছ কেটে এবং সীমানা প্রাচীর ভেঙ্গে জমি দখলের অভিযোগ উঠেছে প্রতিপক্ষের বিরুদ্ধে। জমি দখলের নেওয়ার জন্য দফায় দফায় হামলা ও মারপিটেরও ঘটনা ঘটেছে বলে দাবি ভুক্তভোগী পরিবারের। প্রতিপক্ষের হামলায় আপন দুই ভাই আহত হয়েছেন। এ ঘটনায় ক্ষতিগ্রস্থ মোঃ এসকেন্দার আলী ৭ জনের নাম উল্লেখ করে বাগেরহাট মডেল থানায় মামলা দায়ের করেছেন।



মামলা সূত্রে জানা যায়, ডেমা ইউনিয়নের ডেমা মৌজার ৭৯৪ নং খতিয়ানে মোঃ এসকেন্দার আলী ও তার ভাইদের ৩শতক জমি রয়েছে। ওই জমির চারপাশে সীমানা প্রাচীর নির্মান করে এবং গাছপালা লাগিয়ে তারা দীর্ঘদিন ধরে ভোগদখল করে আসছে। কিন্তু গেল ২০ জুলাই ওই জমি দাবী করে একই এলাকার আনসার উদ্দিন পাইকের ছেলে জাহিদুল কবির টুকু, জাফর আলী পাইক এর ছেলে আলাউদ্দিন বাচ্চুসহ ২০-২২ জন লোহার রড, শাবল, কুড়াল, হাতুড়িসহ বিভিন্ন অস্ত্র নিয়ে জমিতে প্রবেশ করে। তারা ১৭৫ ফুট সীমানা প্রাচীর ভেঙ্গে ২ লক্ষ টাকার ক্ষতি করে এবং বেশকিছু গাছ কেটে ফেলে। এসময় মোঃ এসকেন্দার আলী‘র চাচা নওশের আলী পাইক বাধা প্রদান করলে ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে জেলা যুবলীগের লিফলেট বিতরণ

**মেহেরপুর প্রতিনিধি:** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের উন্নয়ন ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের উন্নয়ন তুলে ধরতে মেহেরপুরে জেলা যুবলীগের লিফলেট বিতরণী কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের সোনাপুর গ্রামে জনসাধারণের মাঝে এ সকল লিফলেট বিতরণ করা হয়। মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে লিফলেট বিতরণ করা হয়। এসময় সদর উপজেলা যুবলীগের সভাপতি মোহাম্মদ আনোয়ার হোসেন আনু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল, ২-এর পাতায় দেখুন

# মেহেরপুরে জামায়াতের ৯ কর্মী গ্রেপ্তার



**মেহেরপুর প্রতিনিধি :** নাশকতা ও বিস্ফোরক মামলার অভিযোগে মেহেরপুরের গাংনীতে জামায়াতের ৯জন কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তারকৃত হলেন-জেলার গাংনী উপজেলার গোপালনগর গ্রামের মৃত নুরুল ইসলামের ছেলে মনোয়ার হোসেন (৪৩),শিশিরপাড়া গ্রামের আকছেদ আলীর ছেলে আব্দুস সাত্তার (৬০),জুগিন্দা গ্রামের মোবারক হোসেনের ছেলে গোলাম মোস্তফা (৫০),রাজাপুর গ্রামের হাউস আলীর ছেলে জাকারিয়া (৪০),বাঁশবাড়ীয়া গ্রামের আবু বক্করের ছেলে সোহেল রানা (৪০),শানঘাট গ্রামের তোয়াজ মন্ডলের ছেলে আকছেদ আলী (৬৫),ধানখোলা ২-এর পাতায় দেখুন



## দর্শনায় আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি জামায়াত ও দেশ বিরোধী অপশক্তির আগুন সন্ত্রাসের প্রতিবাদে চুয়াডাঙ্গার দর্শনায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। রোববার বিকেলে দর্শনা পৌর আওয়ামী লীগের উদ্যোগে বঙ্গবন্ধু চত্বর থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সেসময় চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগরসহ স্থানীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দ ২-এর পাতায় দেখুন

# কোটচাঁদপুরে আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

**আবুল হাসান :** ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগ কর্তৃক আয়োজিত,ঢাকা সহ গোটা বাংলাদেশে বিএনপি-জামাতের দেশ বিরোধী ষড়যন্ত্র ও আগুন সন্ত্রাসের প্রতিবাদে রবিবার বিকাল ৫টার সময় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। উপজেলা আওয়ামীলীগের কেন্দ্রীয় কার্যালয় থেকে মিছিল শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে বলুহর বাসস্ট্যান্ডে হয়ে আবার উপজেলা আওয়ামীলীগের কেন্দ্রীয় কার্যালয়ে এসে সমবেত হয়। কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান ২-এর পাতায় দেখুন



## খালেদার গ্যাটকো দুর্নীতি মামলার চার্জ শুনানি ২৯ আগস্ট

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার নামে দায়ের করা গ্যাটকো দুর্নীতি মামলায় চার্জ শুনানির জন্য আগামী ২৯ আগস্ট দিন ধার্য করেছেন আদালত। গতকাল রোববার ঢাকার বিশেষ জজ-৩ এর আলী হোসেন শুনানির এদিন ধার্য করেন। এদিন তিন আসামির পক্ষে আইনজীবীরা অব্যাহতির (ডিসচার্জ) আবেদনের শুনানি করেন। তবে খালেদা জিয়া অসুস্থ থাকায় তার পক্ষে আইনজীবী মাসুদ আহমেদ তালুকদার হাজিরা দেন। পরে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহের সন্তান আসাদুর রহমানের ইংল্যান্ডের দি অনারেবল সোসাইটি অফ লিঙ্কনস ইন বার-এট-ল ডিগ্রী অর্জন

**নিজস্ব প্রতিবেদক :** ইংল্যান্ডের দি অনারেবল সোসাইটি অফ লিঙ্কনস ইন থেকে বার-এট-ল ডিগ্রী অর্জন করেছেন ঝিনাইদহের কৃতি সন্তান আসাদুর রহমান (রুবেল)। বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী মোঃ আসাদুর রহমান (রুবেল) ইংল্যান্ডের বিখ্যাত দি অনারেবল সোসাইটি অফ লিঙ্কনস ইন থেকে বার-এট-ল ডিগ্রী অর্জন করেছেন। ব্যারিস্টার আসাদুর রহমান (রুবেল) ঝিনাইদহ সদর উপজেলার ২-এর পাতায় দেখুন



## কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা জিয়াউল ইসলাম’র মরদেহ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

**আবুল হাসান, কোটচাঁদপুর :** ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার পৌরসভা, পোস্ট অফিস পাড়ার বীর মুক্তিযোদ্ধা জিয়াউল ইসলাম ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। (২৮ জুলাই শনিবার ) রাতে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন।ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। রোববার বিকাল বেলা কোটচাঁদপুর পৌরসভার পোস্ট অফিস জামে মসজিদের সামনের ময়দানে মরহুমের জানাজা অনুষ্ঠিত হয়। জানাযা শেষে উপজেলা সহকারী কমিশনার ভূমি এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিরুপমা রায়ের উপস্থিতিতে মরহুমের গার্ড অফ অনার প্রদান করা হয়। এছাড়াও উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম কোটচাঁদপুর মডেল থানা ২-এর পাতায় দেখুন





## মেহেরপুরে আওয়ামী লীগের সমাবেশ ও বিক্ষোভ মিছিল

**মেহেরপুর প্রতিনিধি:** বিএনপির অগ্নিসন্ত্রাস, নৈরাজ্য সৃষ্টি ও সহিংস ঘটনার প্রতিবাদে মেহেরপুর জেলা আওয়ামী লীগের উদ্যোগে সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকেলে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ২-এর পাতায় দেখুন




## মহেশপুরে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** গতকাল রোববার বিকালে ঝিনাইদহের মহেশপুর নওদাগ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়েছে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল খেলা।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টের ফাইনালয় অংশো গ্রহন করেন পান্তাপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ও লড়াইঘাট সরকারী প্রাথমিক বিদ্যালয়। খেলাই পান্তাপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় লড়াইঘাট সরকারী প্রাথমিক বিদ্যালয়কে ৩-১ গোলে পরাজিত করে বিজয়ী হয়। অপর ২-এর পাতায় দেখুন




সম্পাদকমণ্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) সম্পাদক ও প্রকাশক : আলী কদর পলাশ, ভারপ্রাপ্ত সম্পাদক : তানভীর হাসান (জিসান হাই),ব্যবস্থাপনা সম্পাদক : আশরাফুল আলম চঞ্চল, নির্বাহী সম্পাদক : তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# ঢাকায় ডেঙ্গু নিয়ন্ত্রণে নগরবাসীকে অধিক সচেতন হতে হবে

বর্তমানে সারা দেশেই ডেঙ্গু রোগীর ব্যাপক সংখ্যা বাড়ছে। ঈদুল আজহার পর দেশে ডেঙ্গু রোগী ও এ রোগে মৃত্যু বেড়েছে দ্বিগুণেরও বেশি। ডেঙ্গু পরিস্থিতি এবার ভয়াবহ হতে পারে বলে বছরের শুরুতেই সতর্ক করেছিলেন বিশেষজ্ঞরা। এ বছর এইডিস মশা শনাক্তে চালানো জরিপে ঢাকায় মশার যে উপস্থিতি দেখা গেছে, তাকে ঝুঁকিপূর্ণ বলছেন বিশেষজ্ঞরা। এ অবস্থায় সামনে ডেঙ্গুর প্রকোপ আরও বাড়ার আশঙ্কা করেছেন তারা। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে। বর্তমানে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি আছেন ৭ হাজার ৪৬৩ জন রোগী। তাদের মধ্যে ঢাকায় ৪ হাজার ৩৯৫ জন এবং ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে ৩ হাজার ৬৮ জন। এ বছর ডেঙ্গুর প্রকোপ দ্রুত বাড়ছে। জুন মাসে যেখানে ৫ হাজার ৯৫৬ জন ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন, জুলাইয়ের প্রথম ২৩ দিনেই সেই সংখ্যা বেড়ে সাড়ে চারগুণ হয়েছে। আক্রান্তের পাশাপাশি মৃত্যুও বেড়েছে। গত মাসে ৩৪ জনের মৃত্যু হলেও চলতি মাসের তিন সপ্তাহে প্রাণ গেছে ১৩৮ জনের। হাসপাতাল চিকিৎসা নিতে আসা রোগীর বাইরেও অনেক ডেঙ্গু রোগী বাড়িতে এবং ডাক্তারদের ব্যক্তিগত চেম্বারে চিকিৎসা নিচ্ছেন, ফলে সরকারি এই হিসাবের বাইরেও আরও অনেক রোগী ডেঙ্গু আক্রান্ত হচ্ছেন। ডেঙ্গু আক্রান্ত হয়ে এ বছর যাদের মৃত্যু হয়েছে, তাদের প্রায় সবাই ডেঙ্গু হেমোরেজিক ফিভারে ভুগছিলেন এবং শক সিনড্রোমে মারা গেছেন। দুই সিটি করপোরেশনের চলছে এডিস মশার প্রজননস্থল ধ্বংসে বিশেষ অভিযান। সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে মশার লার্ভা পাওয়ায় লাখ লাখ টাকা জরিমানা করা হচ্ছে। একটি জাতীয় দৈনিকের প্রকাশিত তথ্য অনুযায়ী জানা যায় নগরবাসীর অভিযোগ, সিটি করপোরেশন লার্ভা ধ্বংসে জরিমানা করলেও কিছু কিছু জায়গায় মশক নিধন কর্মীদের একবারের জন্যও দেখা যায়নি। আর এসব অভিযানে এডিস মশার ডিম বা লার্ভা শনাক্ত করা হচ্ছে খালি চোখে দেখে। সে অনুযায়ী করা হচ্ছে জরিমানা। মশার শ্রেণিবিন্যাস কিংবা লার্ভা পরীক্ষার জন্য ঢাকার দুই সিটি করপোরেশনের কোনো পরীক্ষাগার বা ল্যাব নেই। একদিকে ঢাকা উত্তর সিটি ড্রোন দিয়ে এডিস মশার লার্ভা খুঁজছে। অপরদিকে দক্ষিণ সিটি বলেছে, মশার লার্ভা পেলে তাদের খবর দিতে। ১৫ মিনিটের মধ্যে তাদের দল সেখানে পৌঁছে যাবে। প্রকৃত অর্থে ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে। প্রকৃতি রক্ষা না করলে আর জনগণ সচেতন না হলে সিটি করপোরেশনের পক্ষে রোগটি সামাল দেওয়া কঠিন হবে। ব্যক্তি পর্যায়ে ও প্রতিষ্ঠানে নিজ নিজ আবাসস্থল একটু পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

## বিএনপি-জামাত আবারো দেশে

সদস্য আব্দুল হাই বলেন, বিএনপি-জামাত আবারো দেশে অগ্নি সন্ত্রাস শুরু করেছে। ঢাকার অবস্থান কর্মসুচির নামে সরকারী গাড়ী ভাংচুর, অগ্নি সংযোগসহ বিভিন্ন যানবাহনে আগুন দিয়েছে। কিন্তু পুলিশ তবুও সহনশীলতার পরিচয় দিয়ে তাদের উপর হামলা করেনি। কিন্তু এই সন্ত্রাসীদের মনে রাখতে হবে আগামীতে যদি পুনরায় এ পরিস্থিতি সৃষ্টি করতে চাই তাহলে তাদের হঠিয়ে দিতে সরকারের খুব বেশী সময় লাগবে না।

## আওয়ামী লীগের স্মার্ট কর্ণার থেকে

যারা নানা অপপ্রচার চালাবে তাদের রূখবে। রোড টু স্মার্ট বাংলাদেশ এই স্মার্ট কর্নারই বাস্তবায়ন করবে।'

## সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে

ইসলাম রাজু, যুগ্ম সাধারণ সম্পাদক শামীম হোসেন মোল-া, চেয়ারম্যান ফিরোজ আহমেদ, চেয়ারম্যান সান্দার হোসেন মোল্লা, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক শাওন শিকদার,সাবেক সভাপতি দিনার বিশ্বাস, উপজেলা ছাত্রলীগের সভাপতি মনিরুজ্জামান মিশন,সাধারণ সম্পাদক বাবু প্রমুখ। উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম হাকিম আহমেদ তার বক্তব্যে বলেন, বিএনপি-জামায়াত যতই শক্তিশালী হোক না কেন দেশে কোনো সন্ত্রাস ও নৈরাজ্যে সৃষ্টি করলে আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগ সেটাকে প্রতিহত করবে। পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব শিকদার ওয়াহিদুজ্জামান ইকু তার বক্তব্যে বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দিয়েছিলেন এ দেশের স্বাধীনতা। আর শেখ হাসিনা দিয়েছেন এ দেশের অর্থনৈতিক মুক্তি।

## সভাপতি কাজী আশরাফুল

সদস্য আব্দুল হাই কমিটির কাগজ নেতাকর্মীদের হাতে তুলে দেন। কমিটিতে শৈলকুপার পৌরসভার মেয়র কাজী আশরাফুল আজমকে সভাপতি ও শিকদার ওয়াহিদুজ্জামান ইকুকে সাধারণ সম্পাদক করা হয়েছে।
সংগঠনের পাঠানো প্রেসবিজ্ঞপ্তিতে জানানো হয় বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী ও প্রধানমন্ত্রীর সদয় অনুমোদন স্বাপেক্ষে শৈলকুপা পৌর আওয়ামী লীগের আংশিক কমিটি ঘোষণা করা হলো। আগামী ১৫ দিনের মধ্যে শৈলকুপা পৌল আওয়ামী লীগের পুর্ণাঙ্গ কমিটি শৈলকুপা থানা আওয়ামী লীগের দপ্তরে জমা দিতে বলা হয়েছে। নবগঠিত কমিটির সাধারণ সম্পাদক শিকদার ওয়াহিদুজ্জামান ইকু বলেন, দল আমাকে সাধারণ সম্পাদক হিসেবে মনোনিত করেছে। আগামী দিতে দলকে শক্তিশালী করতে আমি কাজ করব। উল্লেখ্য, ২০২২ সালের ৮ নভেম্বর শৈলকুপা উপজেলা ও পৌর আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হয়। সেসময় কমিটি ঘোষণা করার কথা থাকলেও করা হয়নি। নবগঠিত নেতৃবৃন্দকে স্বাগত জানিয়েছেন আওয়ামী লীগ ও সহযোগি সংগঠনসহ সর্বস্তরের মানুষ।

## আওয়ামী লীগকে আবারো রাষ্ট্রক্ষমতায়

বাংলাদেশের মানচিত্রে নতুন রূপে ধারাবাহিত হবে। আপনারা জানেন এই আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পরপরই বাংলাদেশ এক পর্যটন কেন্দ্র তৈরি হয়েছে। পদ্মা সেতু তৈরি হয়েছে, মেট্রো রেল তৈরি হয়েছে, কর্ণফুলী টানেল তৈরি হয়েছে। এই বাংলাদেশকে সর্বোচ্চ উন্নয়নে দেখতে হলে সকলকে কাঁধে কাঁধ মিলিরয় আবারো নৌকাকে জিতিরয় আনতে হবে তাহলে এই দেশ ভালো থাকবে, এই সমাজ ভালো থাকবে।

## শান্ত দেশটাকে যারা অশান্তির

তাদেরকে আমরা সফল হতে দেবো না। নেত্রী আপনি আমাদের চুয়াডাঙ্গার প্রতি ষোল আনা ভরসা রাখতে পারেন। চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ ও চুয়াডাঙ্গা জেলার মানুষ আপনার পাশে ছিল, আছে ও থাকবে, ভবিষ্যতেও নৌকা মার্কাকে বিপুল ভোটে বিজয় করে আপনার হাতকে শক্তিশালী করবো, ইনশাআল্লাহ।
এসময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ন-সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটনসহ চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগ, পৌর আওয়ামীলীগ, সভাপতি মোহাম্মদ আলাউদ্দিন হেলা, সাধারণ সম্পাদক, আব্দুল কাদেরসহ, উপজেলা আওয়ামীলীগ, ইউনিয়ন আওয়ামীলীগের সকল নেতাকর্মী ও অঙ্গসংগঠন ও সহযোগী সংগঠনের সকল নেতৃবৃন্দ।

## বিদ্যুৎ-জ্বালানি সাশ্রয়ে অনলাইনে

ও বর্তমান পরিস্থিতির আলোকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিভিন্ন ডীন ও বিভাগের সভাপতিসহ সংশি-ষ্ট সকল দপ্তরে চিঠি পাঠানো হয়েছে। হয়তো আগামী সপ্তাহ থেকেই সিদ্ধান্ত কার্যকর হবে।

## মেহেরপুর সরকারি মহিলা কলেজে

বিভাগের সরকারি অধ্যাপক মিরাজ উদ্দিন। কলেজের বাংলা বিভাগের প্রভাষক রুপালী বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের সাবেক উপাধ্যক্ষ এবং মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক সিরাজুল ইসলাম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান ও সহকারী অধ্যাপক ড. এস এম আতিউর রহমান, মেহেরপুর সরকারি মহিলা কলেজের শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক মোঃ হাসানুজ্জামান প্রমুখ সেখানে বক্তব্য রাখেন। পরে সেখানে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সাংস্কৃতিক অনুষ্ঠানে মেহেরপুর সরকারি মহিলা কলেজের শিক্ষার্থীদের নৃত্য ও গানে গানে মুখরিত হয়ে ওঠে কলেজ প্রাঙ্গণ।

## কালীগঞ্জে পৌর আওয়ামী লীগের

সম্পাদক রজব আলী মন্টু, কালীগঞ্জ উপজেলা ছাত্রলীগ নেতা রিয়াজ উদ্দিন,পৌর কাউন্সিলার সজল,সেন্টু, রুবেল,মুক্তার,সাজু প্রমুখ।

সভায় বক্তারা বলেন সারাদেশে বিএনপি-র জামায়াত চক্র নৈরাজ্য সৃষ্টি করে দেশকে অস্থিতিশীল করার চেষ্টা করছে। এজন্য আমাদের সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। এদেশে বিএনপি জামায়াতের কোন অপতৎপরতা চলতে দেয়া যাবে না। তারা বলেন কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের ঘাটি এবং মাননীয় সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারের নেতৃত্বে উপজেলা আওয়ামী লীগ আজ ঐক্যবদ্ধ ভাবে কাজ করে চলছে।

## বাগেরহাটে গাছ কেটে সীমানা প্রাচীর

তারা তাকে খুন জখমের হুমকি দেয়। বিষয়টি ৯৯৯ এ কল করে জানালে পুলিশ ঘটনাস্থলে এসে জাহিদুল কবির টুকু পাইক, মুরাদ খান এবং কবির শেখকে আটক করে থানায় নিয়ে যায়। পরবর্তীতে খবর পেয়ে মোঃ এসকেন্দার আলী ও তার ভাই এস এম এনামুল কবির বাড়িতে আসেন। ২৩ জুলাই জাহিদুল কবির টুকুর নেতৃত্বে আবারও ওই জমি দখলের চেষ্টা করে। তখন বাঁধা দিলে জাহিদুল কবির টুকুসহ অন্যরা মোঃ এসকেন্দার আলী ও তার ভাই এস এম এনামুল কবিরকে মারধর করে। এদিনও বেশকিছু গাছ কেটে অন্তত ৭২ হাজার টাকার ক্ষতি করে জাহিদুল কবির টুকু ও তার লোকজন। ক্ষতিগ্রস্থ মোঃ এসকেন্দার আলী বলেন, পৈত্রিক সূত্রে প্রাপ্ত জমি আমার শান্তিপূর্ণভাবেই ভোগ দখল করে আসছি। জাহিদুল কবির টুকু ও তার লোকজন আমাদের জমি জোরপূর্বক দখল করার জন্য পায়তারা করছে। তারা আদালতে একটি ১৪৪ ধারার আবেদনও করেছিল। আদালত তাদেরকে দেওয়ানি মামলা করতে বলেছেন, এরপরেও তারা জোরপূর্বক আমাদের জমি দখলের চেষ্টা করে। আমাদেরকে মারধর করেছে। সীমানা প্রাচীর ভেঙ্গে ফেলেছে এবং গাছ কেটে আমার বিপুল অংকের টাকার ক্ষতিসাধাণ করেছে। তিনি আরো বলেন, আলাউদ্দিন বাচ্চু সেনা সদস্য হওয়ায় সে নিজের প্রভাব খাটিয়ে প্রায়ই আমাদের হুমকি ধামকি ও মারথর করে। এখন সে মামলার জামিনে বের হয়ে আবারো আমাদের হুমকি ধামকি দিয়ে যাচ্ছে। আমি এর সঠিক বিচার চাই।
এবিষয়ে কথা বলার জন্য জাহিদুল কবির টুকুকে বারবার ফোন করা হলেও, তার ফোনটি বন্ধ পাওয়া যায়। তবে ওই জমি নিজেদের দাবি করে জাহিদুল কবির টুকু পাইকের স্ত্রী মনিরা আক্তার বলেন, জমিটি এক সময় সুলতান আলীর ছেলেরা ওয়াল নির্মাণ করে, গাছ লাগিয়ে খড়কুটো রেখে ভোগ দখল করতো। এই জমি এখন আমাদের তাই আমরা দখলে নিয়েছি।
বাগেরহাট মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কেএম আজিজুল ইসলাম বলেন, একটি মামলা হয়েছে। পুলিশ ঘটনাস্থল পরিদর্শণ করেছে। আসামীদের গ্রেপ্তার করতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

## মেহেরপুরে জেলা যুবলীগের

সাধারণ সম্পাদক মোঃ তৌহিদুল ইসলাম, যুবলীগ নেতা নাসির আহমেদ, পিরোজপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ইউপি সদস্য ইসকান্দার মাহবুদ বিপ্লব, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মোঃ কুতুব উদ্দিন বিশ্বাস, কৃষক লীগের সভাপতি হোসেন আলী, সাধারণ সম্পাদক লাল মোহাম্মদ লালা, মামলত মন্ডল, মইনুল হোসেন, বীর মুক্তিযোদ্ধা তৈয়ব আলী, বীর মুক্তিযোদ্ধা ইউনুস আলীসহ অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## মহেশপুরে বিএনপির অগ্নি সন্ত্রাস

পৌর আওয়ামীলীগের সভাপতি অমল কুমার কুন্ডু, নাটিমা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কাশেম মাষ্টার,যাদবপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ডাঃ সালাউদ্দীন আহাম্মেদ, নেপা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সামছুল আলম মৃধা, উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি প্রভাষক এম এ আসাদ, উপজেলা যুবলীগের যুগ্ন আহবায়ক ইয়াকুব আলী প্রমুখ।

## শৈলকুপায় শিক্ষক শুভাশীষ

হল ও লাইব্রেরি,বিশেষ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, কালি প্রসাদ সাহা, সাধারণ সম্পাদক শৈলকূপা পূজা উদযাপন কমিটি, গিরীন্দ্রনাথ দাস প্রমুখ।

## মেহেরপুরে জামায়াতের

গ্রামের আসমত উল্লাহর ছেলে জামাল উদ্দীন (৬৩),একই গ্রামের মাঠপাড়ার রইচ উদ্দীনের ছেলে আব্দুল হান্নান (৬০) ও তেঁতুলবাড়ীয়া গ্রামের সিরাজুল ইসলামের ছেলে মনিরুল ইসলাম (৪৫)। শনিবার দিবাগত রাতে গাংনী থানা পুলিশের একাধিকদল উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। ৪৩ (৯)-২৩ এর ১৯৭৪ ধারার স্পেশাল পাওয়ার এক্ট্রিব পাওয়ার এর ১৫ (৩)-২৫এর ডি তৎসহ ১৯০৮ সালের বিস্ফোরক আইনে ৪/৫ এর অনুযায়ী মামলা রুজু করা হয়েছে। গাংনী থানার ওসি আব্দুর জানান, গ্রেপ্তারকৃতদের রবিবার দুপুরে মেহেরপুর আদালতে সোপর্দ করা হয়েছে।

## দর্শনায় আওয়ামী লীগের বিক্ষোভ

বক্তব্য রাখেন। বক্তারা বিএনপি জামায়াতে আগুন সন্ত্রাস ও নাশকতার বিরুদ্ধে রুখে দাড়াতে সকলকে ঐক্যবন্ধ হওয়ার আহ্বান জানান।

## কোটচাঁদপুরে আওয়ামী লীগের

মোছাঃ শরিফুন্নেছা মিকির সভাপতিত্বে সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলীর সার্বিক তত্ত্বাবধানে বৃহত্তর মিছিল সমাবেশ অনুষ্ঠিত হয়। এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগ সিনিয়র সহসভাপতি মোঃ নুরুল ইসলাম খান বাবলু, পৌর আওয়ামী লীগের সভাপতি মোঃ কাজী আলমগীর সাধারণ সম্পাদক মোঃ রিপন মন্ডল,উপজেলা যুবলীগের সাবেক সফল সভাপতি মীর কাসেম, সিনিয়র সহসভাপতি মোঃ লুৎফর রহমান সাবেক পৌর আওয়ামী লীগের আহবায়ক মোঃ ফারজেল হোসেন মন্ডল, বীর মুক্তিযোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম এলাঙ্গী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান খান, বীর মুক্তিযোদ্ধা মোঃ কাইদার রহমান ৩নং কুশনা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মোঃ আব্দুল হান্নান সাংবাদিক কামাল হাওলাদার,পৌর যুবলীগের সভাপতি মোঃ বুলবুল আহমেদ বলুহর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ নজরুল ইসলাম সাবেক চেয়ারম্যান মোঃ আব্দুল মতিন ,উপজেলা যুবলীগের যুগ্ম আহবায়ক মোঃ আশরাফুল আলম খোকন,যুগ্ম আহবায়ক আযম বিশ্বাস, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ সাদিয়া আক্তার পিংকি,ভাইস চেয়ারম্যান মোঃ রিয়াজ হোসেন ফারুক ৩নং কুশনা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোঃ আবুল হোসেন সাধারণ সম্পাদক মোঃ রবিউল ইসলাম কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগ সিনিয়র সহ সভাপতি মোঃ মুকুল হোসেন বীর মুক্তিযোদ্ধা সন্ড্রান কমান্ড কাউন্সিল এর উপজেলা সাধারণ সম্পাদক শিক্ষক মোঃ মোস্ড্রফিজুর রহমান জেলা স্বেচ্ছাসেবক লীগের সহ সভাপতি শেখ শাহিন যুবলীগ নেতা মোঃ মোহাম্মদ আলী পাঠান আলী হামজা বাদল, মিন্টু ইলেক্ট্রনিক সহ ছাত্রলীগের সাবেক পৌর সভাপতি মোঃ আল আমিন শ্রী প্রদীপ কুমার হালদারসহ উপজেলা থেকে আগত যুবলীগ ছাত্রলীগ স্বেচ্ছাসেবক লীগ কৃষকলীগ সহ অসংখ্য নেতা কর্মী উপস্থিত ছিলেন।

## এসএসসিতে গোল্ডেন এ প্লাস

মেধাবী রাফা প্রতিটি ক্লাসে প্রথম হয়েছে। ৫ম শ্রেণী ও ৮ম শ্রেণীতে ট্যালেন্টপুলে বৃত্তিও পেয়েছে সে। মেধাবী টিএ রাফা ভবিষ্যতে সরকারী কর্মকর্তা হয়ে দেশের সেবা করতে চায়।
তার পিতা টিএ রাজু বলেন, আমার মেয়ের জন্য সকলেই দোয়া করবেন। সে যেন বড় হয়ে দেশের সেবা করতে পারে।

## মেহেরপুরে আওয়ামী লীগের সমাবেশ

ফরহাদ হোসেনের বাড়ির সামনে থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেকের নেতৃত্বে মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা পরিষদ চত্বরে গিয়ে শেষ হয়। এসময় সংক্ষিপ্ত সমাবেশে অনুষ্ঠিত হয়। সমাবেশ ও বিক্ষোভ মিছিলে উপস্থিত ছিলেন, এসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, সদর উপজেলা সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন, জেলা সেচ্চাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবহান, সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, জেলা কৃষক লীগের যুগ্ম সম্পাদক আনারুল ইসলাম মিয়া, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হোসেন, জেলা কৃষক লীগের সহ-সভাপতি হাসেম আলি, যুগ্ম সম্পাদক মশিউর রহমান পলাশ, বুড়িপোতা ইউপি চেয়ারম্যান শাহ জামান, আমদহ ইউপি চেয়ারম্যান রওশন আলী টোকন, কুতুবপুর ইউপি চেয়ারম্যান সেলিম রেজা সহ জেলা আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ। একই সময়ে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বিক্ষোভ মিছিলটি উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু করে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে কমিউনিটি সেন্টারে এসে শেষ হয়। এসময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাড. মিয়াজান আলী, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর পৌরসভা ২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ও সদর থানা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি ও সাবেক ছাত্রনেতা কামরুল ইসলাম চাদু, সদর থানা যুবলীগের যুগ্ন আহবায়ক সাজেদুর রহমান সাজু, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মফিজুর রহমান মফিজ, শহর যুবলীগের যুগ্ন সাধারণ সম্পাদক শহিদুজ্জামান সুইট, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা

অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিনসহ কয়েক জন চৌকস পুলিশ সদস্য ও কোটচাঁদপুর উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ সন্ড্রান কমান্ড কাউন্সিল উপস্থিত ছিলেন । এরপর মরহুম কে মেইন বাসস্ট্যান্ড জামে মসজিদ কবরস্থানে দাফন করা হয়। মৃত্যুকালে তিনি এক স্ত্রী এক পুত্র ও এক কন্যা সন্তান রেখে মৃত্যু বরণ করেন।

## ঝিনাইদহের সন্তান আসাদুর রহমানের

হাটগোপালপুরের স্বনামধন্য ব্যবসায়ী মশিয়ার রহমান ও রাশিদা খাতুনের বড় ছেলে। তিনি ঝিনাইদহ থেকে এসএসসি ও এইচএসসি এবং দেশের স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে আইনে এল.এল.বি ও এল.এল.এম ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে ২০১৩ সালে বাংলাদেশ বার কাউন্সিল ও ২০১৭ সালে বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হয়ে সুনামের সাথে আইন ব্যবসা পরিচালনা করে আসছেন। ব্যারিস্টার আসাদুর রহমান বলেন, "আমার এই অর্জিত জ্ঞান ও ডিগ্রীর সমন্বয়ের মাধ্যমে আমি দরিদ্র, অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের জন্য বিশেষ করে আমার জন্মস্থানের মানুষের জন্য সহযোগিতামূলক আইনগত সেবা প্রদান করে যেতে চাই"। তার এই অর্জনে ঝিনাইদহের নানা শ্রেণী পেশার মানুষ শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

## মহেশপুরে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ

দিকে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল খেলায় অংশো গ্রহন করে উজ্জলপুর উত্তরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ও গৌরীনাথপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়।
খেলাই গৌরীনাথপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ১-০ গোলে উজ্জলপুর উত্তরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়কে পরাজিত করে বিজয়ী হয়।
পরে খেলায় বিজয়ী ও পরাজিত খেলোয়ারদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।
দু'টি খেলাই উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ময়জদ্দীন হামিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশী, উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ, উপজেলা পরিষদেও ভাইস চেয়ারম্যান হাসিনা খাতুন হেনা,উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হাসান, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বাহাউল ইসলাম,মহেশপুর সরকারী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম প্রমুখ।

## বিএনপির অপরাজনীতি ঠেকাতে

হাসপাতালে চিকিৎসাধীন দলীয় আহত নেতাকর্মীদের দেখতে যান। তাদের খোঁজখবর নেওয়া শেষে সেখানে উপস্থিত সাংবাদিকদের তিনি একথা বলেন। স্থানীয় সংসদ সদস্য হাবিব হাসান ও যুবলীগ সভাপতি ফজলে শামস পরশ এ সময় উপস্থিত ছিলেন।
মন্ত্রী বলেন, 'শুক্রবার গন্ডগোল করতে পারে নাই বলেই বিএনপি শনিবার আমাদের দল যখন শান্তিপূর্ণ শোভাযাত্রা করছিল তাদের ওপর হামলা পরিচালনা করেছে, ৬০টির মতো বাস পুড়িয়েছে, পুলিশের গাড়িতে হামলা করেছে, রাতেও উত্তরার কাছে গাড়ি পুড়িয়েছে। অর্থাৎ তারা ২০১৪-১৫ সালের মতো আগুন সন্ত্রাসে লিপ্ত হয়েছে।'
তিনি জানান, 'হাসপাতালটিতে আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের বেশ কয়েকজন নেতা-কর্মী চিকিৎসাধীন। তাদের মধ্যে উত্তরা ৪৭ নম্বর ওয়ার্ডের যুবলীগ কর্মী মহিবুর রহমান নয়নের হাতের কবজি কেটে ফেলার উদ্দেশ্যে বিএনপির সন্ত্রাসীরা চাপাতি দিয়ে কোপ দেয়। ডাক্তারেরা প্রায় বিচ্ছিন্ন কবজি বাঁচানোর প্রাণান্ত চেষ্টা করছেন।'
এছাড়া স্থানীয় নেতা-কর্মীদের মধ্যে লিংকন কুমার দাস, ইসমাইল হোসেন দীপ, মোহাম্মদ শফিকুল ইসলাম বাবু, জহিরুল ইসলাম, আশিক মিরাজ, নাহিদ হাসান, মামুন এই হাসপাতালে ও অন্য আরেকটি হাসপাতালে মহারাজ, আকাশসহ আরও নেতা-কর্মীরা চিকিৎসাধীন, জানান হাছান মাহমুদ।
ঢাকাবাসীকে অবরুদ্ধ করে রাখার অধিকার কাউকে দেয়া হয়নি উল্লেখ করে আওয়ামী লীগের এই যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, 'দেশে বিশৃঙ্খলা সৃষ্টির উদ্দেশ্যেই রাজধানীর প্রবেশমুখে বিএনপি শনিবার অবরোধ বা অবস্থান কর্মসূচি দিয়েছিল। এই ঢাকা শহর দুই কোটি মানুষের। তাদের অবরুদ্ধ করে রাখার অধিকার কাউকে দেওয়া হয়নি।'
হাছান বলেন, 'বিএনপির উদ্দেশ্য নির্বাচন নয়, সংঘাত তৈরি করে দেশটাকে বিশ্ব বেনিয়াদের হাতে তুলে দেওয়া। আমরা এ দেশের জনগণ তা হতে দিতে পারি না। বিএনপির অপরাজনীতি ঠেকাতে আওয়ামী লীগের নেতা-কর্মীরা নির্বাচন পর্যন্ত মাঠে থাকবে, জনগণকে সাথে নিয়ে তাদের প্রতিহত করবে।'

## ইসির চায়ের আমন্ত্রণ প্রত্যাখ্যান

প্রত্যাখ্যান করেন। দলটির ঢাকা জেলার সভাপতি খন্দকার আবু আশফাক এ তথ্য জানিয়েছেন।
তিনি বলেন, বিএনপির পক্ষ থেকে দুপুরে রুহুল কবির রিজভীর নেতৃত্বে আমরা দলের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব জমা দিতে গিয়েছিলাম। ইসি সচিব মো. জাহাঙ্গীর আলমের কাছে হিসাব তুলে দেওয়ার পর তিনি রুহুল কবির রিজভী আহমেদকে চায়ের জন্য আমন্ত্রণ জানান। কিন্তু বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব তা প্রত্যাখ্যান করে ইসি থেকে বেরিয়ে আসেন।
এ সময় রুহুল কবির রিজভীর সঙ্গে ছিলেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা পরিষদের সদস্য আবুল খায়ের ভুইয়া, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ব্যারিস্টার নাসির উদ্দীন অসীম, সহ-দফতর সম্পাদক মুনির হোসেন, ঢাকা জেলা বিএনপির সভাপতি খন্দকার আবু আশফাক, নির্বাহী কমিটির সদস্য আব্দুস সাত্তার পাটোয়ারী।

## আরও ৫০টি মডেল মসজিদ

১৭ এপ্রিল এবং আজ ৩০ জুলাই- প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম ধাপে প্রতিটিতে ৫০টি করে মসজিদ উদ্বোধন করেন।
অবশিষ্ট মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের নির্মাণ কাজ ২০২৪ সালের জুনের মধ্যে শেষ হওয়ার কথা রয়েছে।
মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের মধ্যে শীতাতপ নিয়ন্ত্রিত ব্যবস্থা সহ ওযু ও নামাজের জন্য আলাদা জায়গা রয়েছে।
এছাড়া হজযাত্রীদের নিবন্ধন ও প্রশিক্ষণের ব্যবস্থা, ইমাম প্রশিক্ষণ কেন্দ্র, গবেষণা কেন্দ্র ও ইসলামিক লাইব্রেরি, অটিজম কর্নার, দাফনের আগে আচার ব্যবস্থা, গাড়ি পার্কিং সুবিধা, হিফজাখানা, প্রাক-প্রাথমিক শিক্ষা ও কোরআন শিক্ষার ব্যবস্থা, ইসলামিক কনফারেন্স রুম থাকবে। সাংস্কৃতিক কর্মকান্ড এবং ইসলামী দাওয়াত, ইসলামী বই বিক্রয় কেন্দ্র, মসজিদের সাথে দেশী-বিদেশী অতিথিদের জন্য বোর্ডিং সুবিধা থাকবে মসজিদে।
ধর্ম প্রতিমন্ত্রী মোঃ ফরিদুল হক খান এবং এর সচিব এমডি এ হামিদ জমাদ্দার অনুষ্ঠানে বক্তব্য রাখেন।
অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মোঃ তোফাজ্জেল হোসেন মিয়া।
অনুষ্ঠানে কক্সবাজার সদর উপজেলা ও খুলনা জেলার ফুলতলা উপজেলার স্থানীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সরকারি কর্মকর্তা, আলেম-উলামাসহ সাধারণ মানুষ উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের ওপর একটি ভিডিও-ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।
ইসলামের চেতনায় উদ্বুদ্ধ হয়ে এবং দেশের প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানের পদাঙ্ক অনুসরণ করে শেখ হাসিনা সারাদেশে ৫৬৪টি মডেল মসজিদ নির্মাণের পরিকল্পনা নিয়েছেন।
প্রকল্পের উদ্দেশ্য হল ইসলামী ভ্রাতৃত্ব এবং এর মূল্যবোধকে প্রচার করা এবং সেইসাথে চরমপন্থা ও জঙ্গিবাদের বিরুদ্ধে ইসলামের সারমর্ম প্রচার করা কারণ ধর্ম কখনই এগুলোকে সমর্থন করে না।
এটি সরকারের উন্নয়ন কর্মকান্ড প্রচারের পাশাপাশি সন্ত্রাসবাদ ও নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে সচেতনতা সৃষ্টিতেও মনোনিবেশ করবে।
এ ক্যাটাগরির অধীনে, ৬৪টি জেলা ও সিটি কর্পোরেশন এলাকায় লিফট সুবিধা এবং ২,৩৬০.০৯ বর্গ মিটার প্রতিটি ফ্লোর স্পেস সহ প্রায় ৬৯টি চারতলা মসজিদ নির্মাণ করা হচ্ছে।
বি ক্যাটাগরির অধীনে, প্রতিটি ১৬৮০.১৪ বর্গ মিটার ফ্লোর স্পেস দিয়ে ৪৭৫টি মসজিদ তৈরি করা হচ্ছে এবং উপকূলীয় অঞ্চলে সি ক্যাটাগরির অধীনে ১৬টি মসজিদের প্রতিটি ২,০৫২.১২ বর্গ মিটার মেঝে থাকবে।
নতুন উদ্বোধন করা মডেল মসজিদগুলো হলোঃ ঢাকা বিভাগে-গাজীপুর জেলার শ্রীপুর উপজেলা মডেল মসজিদ, কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলা মডেল মসজিদ, কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলা মডেল মসজিদ, মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলা মডেল মসজিদ, মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলা মডেল মসজিদ, শরীয়তপুর জেলার ডামুড্যা উপজেলা মডেল মসজিদ, টাঙ্গাইল জেলার সদর উপজেলা মডেল মসজিদ।
রাজশাহী বিভাগের মসজিদগুলো হলোঃ বগুড়া জেলার আদমদীঘি উপজেলা মডেল মসজিদ, বগুড়া জেলার সোনাতলা উপজেলা মডেল মসজিদ, নওগাঁ জেলার রাণীনগর উপজেলা মডেল মসজিদ, নওগাঁ জেলার বদলগাছী উপজেলা মডেল মসজিদ, নওগাঁ জেলার জেলা সদর মডেল মসজিদ, চাঁপাইনবাবগঞ্জ জেলার জেলা সদর মডেল মসজিদ, নাটোর জেলার সিংড়া উপজেলা মডেল মসজিদ, পাবনা জেলার বেড়া উপজেলা মডেল মসজিদ, পাবনা জেলার ঈশ্বরদী উপজেলা মডেল মসজিদ, পাবনা জেলার সদর উপজেলা মডেল মসজিদ, রাজশাহী জেলার পুঠিয়া উপজেলা মডেল মসজিদ, রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলা মডেল মসজিদ।
রংপুর বিভাগের মডেল মসজিদগুলো হলোঃ গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলা মডেল মসজিদ, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলা মডেল মসজিদ, দিনাজপুর জেলার বিরামপুর উপজেলা মডেল মসজিদ, লালমনিরহাট জেলার হাতীবান্ধা উপজেলা মডেল মসজিদ।
ময়মনসিংহ বিভাগের মডেল মসজিদগুলো হলোঃ নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলা মডেল মসজিদ, নেত্রকোণা জেলার খালিয়াজুরী উপজেলা মডেল মসজিদ, নেত্রকোণা জেলার সদর উপজেলা মডেল মসজিদ, জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলা মডেল মসজিদ, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলা মডেল মসজিদ।
বরিশাল বিভগের মডেল মসজিদগুলো হলোঃ বরিশাল জেলার সদর উপজেলা মডেল মসজিদ, ভোলা জেলার দৌলতখান উপজেলা মডেল মসজিদ, ঝালকাঠি জেলার নলছিটি উপজেলা মডেল মসজিদ, পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলা মডেল মসজিদ।
চট্টগ্রাম বিভাগের মডেল মসজিদগুলো হলোঃ ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলা মডেল মসজিদ, চাঁদপুর জেলার হাইমচর উপজেলা মডেল মসজিদ, চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলা মডেল মসজিদ, নোয়াখালী জেলার সদর উপজেলা মডেল মসজিদ, কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলা মডেল মসজিদ, কুমিল্লা জেলার সদর উপজেলা মডেল মসজিদ, কক্সবাজার জেলার সদর উপজেলা মডেল মসজিদ, চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলা মডেল মসজিদ, ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলা মডেল মসজিদ, রাঙ্গামাটি জেলার কাউখালী উপজেলা মডেল মসজিদ, রাঙ্গামাটি জেলার নানিয়ারচর উপজেলা মডেল মসজিদ, রাঙ্গামাটি জেলার রাজস্থলী উপজেলা মডেল মসজিদ। খুলনা বিভাগের মডেল মসজিদগুলো হলোঃ খুলনা জেলা ফুলতলা উপজেলা মডেল মসজিদ, খুলনা জেলার পাইকগাছা উপজেলা মডেল মসজিদ, মাগুরা জেলার সদর উপজেলা মডেল মসজিদ, মাগুরা জেলার জেলা সদর মডেল মসজিদ, মেহেরপুর জেলার সদর উপজেলা মডেল মসজিদ।
সিলেট বিভাগের মডেল মসজিদ হলো : সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলা মডেল মসজিদ।

## তাদের ভয়ঙ্কর অগ্নিসন্ত্রাসী রূপ

ছিল। আমি সরকারে আসার পর প্রতিটি জেলায় ইসলামিক ফাউন্ডেশন অফিসের ব্যবস্থা করে দিই ও কর্মকর্তা নিয়োগ দিই।
তিনি বলেন, "আট বছর পর যখন আমরা ক্ষমতা এসে বায়তুল মোকাররম মসজিদকে আবার পুনর্নির্মাণ করে উদ্বোধন করি। এখানে আমাদের সৌদি সরকারও আর্থিক সহায়তা করেন।"
সরকারপ্রধান বলেন, শুধু বায়তুল মুকাররম মসজিদ না, ক্যান্টনমেন্টে একটি বড় মসজিদের কাজ শুরু করছিলাম, তখন খালেদা জিয়ার বক্তব্য ছিল, এত বড় মসজিদে কে যাবে নামাজ পড়তে? মিনারগুলো তৈরি করতে দেয়নি। দ্বিতীয়বার ক্ষমতায় এসে মসজিদটা নির্মাণ করি। তারা ইসলাম ধর্মের নামে রাজনীতি করে, কিন্তু ধর্মীয় কাজে তাদের কোনো আন্তরিকতা ছিল না। যা ছিল, শুধু দেখানো।
৫০টি মডেল মসজিদ উদ্বোধন শেষে কক্সবাজার সদর ও খুলনার ফুলতলা উপজেলা মডেল মসজিদের সঙ্গে যুক্ত হয়ে ইমাম ও স্থানীয় জনপ্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন শেখ হাসিনা।
উল্লেখ্য, সারাদেশে ৯ হাজার ৪৩৫ কোটি টাকা ব্যয়ে সরকার যে ৫৬৪টি মডেল মসজিদ নির্মাণের পরিকল্পনা নিয়েছে, তার মধ্যে পাঁচ ধাপে ২৫০টি মসজিদের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী।
এর আগে ২০২১ সালের ১০ জুন প্রথম ধাপে ৫০টি, ২০২৩ সালের ১৬ জানুয়ারি দ্বিতীয় ধাপে ৫০টি, ১৬ মার্চ তৃতীয় ধাপে ৫০টি এবং ১৭ এপ্রিল চতুর্থ ৫০টি মডেল মসজিদ উদ্বোধন করেন তিনি।

## বিএনপিকে সতর্ক করল কূটনীতিকরা

পুলিশ দায়ী। যদিও যে সমস্ত ঘটনাবলি এবং ভিডিও ফুটেজে দেখা গেছে তাতে দেখা যাচ্ছে যে, বিএনপির কর্মীরাই আগ্রাসী ভূমিকায় অবতীর্ণ হয়েছিল এবং তারাই বিভিন্ন স্থানে স্বপ্রণোদিত হয়ে সংঘাতে জড়িয়েছে। এই পরিস্থিতিতে দেশের রাজনীতি সহিংস এবং সংঘাতময় হয়ে উঠবে বলে কূটনীতিক মহল জানিয়েছে।
ইউরোপীয় ইউনিয়নসহ কয়েকটি পশ্চিমা দেশ বাংলাদেশের রাজনীতির একটি শান্তিপূর্ণ সমাধান চায়। তারা মনে করে যে আগামী জাতীয় সংসদ নির্বাচন অবাধ সুষ্ঠু নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক হওয়া উচিত। আর সেই লক্ষ্যে রাজনৈতিক দলগুলোকে একটি সমঝোতায় আসতে হবে। এই তাগিদ বিভিন্ন সময় ইউরোপীয় ইউনিয়ন দিয়েছে। সম্প্রতি ইউরোপীয় ইউনিয়নের প্রাক নির্বাচন পর্যবেক্ষক দল বাংলাদেশ সফর করে গেছে। তারা এই সফরে আওয়ামী লীগ এবং বিএনপি দুই রাজনৈতিক দলকে সমঝোতার মাধ্যমে রাজনৈতিক সঙ্কট নিরসনের পরামর্শ দিয়েছে। ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদের সঙ্গে বিএনপির বৈঠকে হরতাল অবরোধ বা কোনো সহিংস আন্দোলনের কর্মসূচি যেন না দেওয়া হয় সেজন্য সতর্ক করে দিয়েছিল। কিন্তু ২৯ তারিখের ঘটনাবলির ইউরোপীয় ইউনিয়ন সহ পশ্চিমা দেশগুলো উদ্বিগ্ন হয়েছে। তারা মনে করছে এ ধরনের ঘটনা বাংলাদেশে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের পথকে সংকীর্ণ করে তুলবে। পাশাপাশি ইউরোপিয়ান ইউনিয়ন মতপ্রকাশের স্বাধীনতায় যেন কোনো হস্তক্ষেপ না করে সে বার্তাটিও দিতে চাচ্ছে। তবে এ সব ঘটনার প্রেক্ষিতে মার্কিন যুক্তরাষ্ট্রের মনোভাব কি তা এখন পর্যন্ত স্পষ্ট নয়।
মার্কিন যুক্তরাষ্ট্র গত কালকের ঘটনা নিয়ে এখন পর্যন্ত কোনো বিবৃতি দেয়। যদিও এর আগে বিভিন্ন ঘটনায় মার্কিন যুক্তরাষ্ট্রকে তড়িৎ মন্তব্য করতে দেখা গেছে। বিশেষ করে ১০ ডিসেম্বর ঘটনার পরপরই মার্কিন রাষ্ট্রদূত পিটার ডি হাস বিবৃতি দিয়েছিলেন। মার্কিন দূতাবাস থেকেও এ ব্যাপারে বিবৃতি দেওয়া হয়েছিল। কিন্তু এবারের ঘটনার পর মার্কিন যুক্তরাষ্ট্র অনেকটাই নীরবতা পালন করছে। এর কোনো ব্যাখ্যা অবশ্য পাওয়া যায়নি। তবে বিভিন্ন সূত্র গুলো বলছে যে, মার্কিন যুক্তরাষ্ট্রে পুরো পরিস্থিতি আরও গভীরভাবে পর্যালোচনা করছে। এই মুহূর্তে তারা কোনো আনুষ্ঠানিক বিবৃতি দিতে চাইছে না। তবে ২৯ জুলাইয়ের ঘটনা বাংলাদেশের রাজনীতিতে নতুন মেরুকরণ সৃষ্টি করেছে। কিছুদিন আগে কূটনীতিকরা বিএনপির প্রতি যে সহানুভূতিশীল অবস্থায় ছিল তা থেকে সরে আসার ক্ষেত্র তৈরি করেছে ২৯ জুলাইয়ের ঘটনাবলি বলেও কোন কোন বিশ্লেষক মনে করেন।

## সন্দেহের তীর গয়েশ্বর-আমানের

আমানউল্লাহ আমান তাকে ধন্যবাদ জানিয়েছেন বটে, কিন্তু এটা নেতাকর্মীদের বিভ্রান্ত করার জন্য করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। তবে গয়েশ্বর চন্দ্র রায় এ বিষয়ে কোন ধরণের মন্তব্য করেননি। কিন্তু এ দুটি ঘটনা বিএনপি'র মধ্যে সন্দেহ এবং নানারকম প্রশ্ন তৈরি করেছে।
যখন বিনএপি'র বিভিন্ন নেতারা রাজপথে পুলিশের মার খেয়েছেন, নানা নিপীড়নের শিকার হয়েছেন, তখন এই দুই নেতা কেন জামাই আদর পেলেন, সরকারের বিশেষ সহযোগিতা পেলেন তা নিয়ে বিএনপির মধ্যেই প্রশ্ন উঠেছে।
দীর্ঘদিন ধরেই আমানের সাথে সরকারের গোপন সম্পর্ক নিয়ে বিএনপির মধ্যে কানাঘুষা ছিল। এটি নিয়ে বিএনপি'তে প্রকাশ্যে চর্চা হত। আমানউল্লাহ আমান এর আগে বলেছিলেন যে, ১০ ডিসেম্বর থেকে খালেদা জিয়ার কথায় বিএনপি চলবে। তার এই কথা বিএনপিকে বেকায়দায় ফেলেছিল বলে বিএনপির অনেক নেতা মনে করেন। এরআগে আমানউল্লাহ আমানকে ১০ ডিসেম্বর গ্রেফতার করা হলেও তাকে ছেড়ে দেয়া হয়। যদিও ওই সময় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে আটকে রাখা হয়েছিল। পরে তিনি জামিনে মুক্তি পান। অন্যদিকে গয়েশ্বর চন্দ্র রায়কে বিএনপিতে সবসময় ভিন্ন চোখে দেখা হয়। বিএনপির বিভিন্ন ব্যাপারে তিনি সমালোচনা করেন। এর অন্যতম কারণ হিসেবে সরকারের সাথে তার গোপন যোগাযোগ বলে কেউ কেউ মনে করেন। এর ফলে বিএনপি মধ্যে কেউ কেউ মনে করছেন যে, সরকারের সাথে গোপন যোগাযোগ রয়েছে এরকম বেশ কয়েকজন নেতা বিএনপিতে আছেন এবং যখনই প্রয়োজন হবে সরকার তাদের ব্যবহার করবে। বিএনপির একজন নেতা বলেছেন যে, আমানউল্লাহ আমানের ব্যাপারটি মেনে নেয়া যায়। কারণ তিনি অসুস্থ। কিন্তু গয়েশ্বর চন্দ্র রায় যেভাবে ডিবি অফিসে আপ্যায়িত হয়েছে তাতে মনে হচ্ছে আন্দোলন বড় কথা নয়, ভুরিভোজই তার কাছে প্রিয়। এ ধরণের নেতারা কিভাবে সরকার পতনের একদফা আন্দোলন করবে এ নিয়ে বিএনপির মধ্যে প্রশ্ন উঠেছে।
উলেখ্য, গতকাল শনিবার (২৯ জুলাই) রাজধানীর প্রবেশমুখে বিএনপির অবস্থান কর্মসূচীতে পুলিশের সঙ্গে বিএনপি নেতাকর্মীদের সংঘর্ষের ঘটনা ঘটে। এতে দলটির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়কে হামলা থেকে নিরাপদ রাখার জন্য হেফাজতে নেয় পুলিশ। তাকে গাড়িতে করে রাজধানীর মিন্টো রোডে ঢাকা মহানগর পুশিলের (ডিএমপি) গোয়েন্দা পুলিশের (ডিবি) কার্যালয়ে নিয়ে যাওয়া হয় এবং সেখানে তিনি মধ্যাহ্নভোজে যোগ দেন।
অন্যদিকে, দলীয় কর্মসূচি পালন করতে গেলে গাবতলী থেকে পুলিশের সঙ্গে যাওয়ার সময় রাস্তায় অজ্ঞান হয়ে লুটিয়ে পড়েন ঢাকা উত্তর বিএনপির আহ্বায়ক আমানউল্লাহ আমান। তখন পুলিশ তাকে সেখান থেকে তুলে নিয়ে গাড়িতে করে শেরে বাংলা নগরের জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট হাসপাতালে নিয়ে যায়। দুপুরে প্রধানমন্ত্রীর সহকারি একান্ত সচিব জাতীয় হৃদরোগ হাসপাতালে চিকিৎসাধীন আমানকে দেখতে যান।

## খালেদার গ্যাটকো দুর্নীতি মামলার

খন্দকার মোশাররফ হোসেনের পক্ষে অব্যাহতির আবেদন শুনানির জন্য সময় আবেদন করা হয়। আর খালেদা জিয়ার পক্ষে সবশেষে শুনানি করবেন বলে জানান তার আইনজীবী। এরপর আদালত বাকি আসামিদের পক্ষে অব্যাহতির আবেদন শুনানির জন্য আগামী ২৯ আগস্ট দিন ধার্য করেন। আসামিপক্ষের অন্যতম আরেক আইনজীবী জিয়াউদ্দিন জিয়া এ তথ্য জানান। ২০২২ সালের ১৭ জুলাই দুর্নীতি দমন কমিশনের (দুদক) পক্ষে চার্জ শুনানি শেষ হয়। ওইদিন দুদকের পক্ষে শুনানি করেন প্রসিকিউটর মোশাররফ হোসেন কাজল। এরপর ২৪ জুলাই মামলার তিন আসামি চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের (চবক) সাবেক চেয়ারম্যান কমোডর জুলফিকার আলী, বন্দর কর্তৃপক্ষের সাবেক সদস্য এ কে রশিদ উদ্দিন আহমেদ ও বন্দরের সাবেক পরিচালক (পরিবহন) এ এম সানোয়ার হোসেনের পক্ষে তাদের আইনজীবীরা অব্যাহতির আবেদনের বিষয়ে শুনানি করেন। মামলার বিবরণীতে জানা যায়, ২০০৭ সালের ২ সেপ্টেম্বর রাজধানীর তেজগাঁও থানায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াসহ ১৩ জনের নামে দুর্নীতি দমন কমিশনের উপ-পরিচালক গোলাম শাহরিয়ার চৌধুরী বাদী হয়ে মামলাটি দায়ের করেন। মামলার অভিযোগে বলা হয়, ক্ষমতার অপব্যবহার ও দুর্নীতির মাধ্যমে চট্টগ্রাম বন্দরের কনটেইনার হ্যান্ডলিংয়ের কাজ গ্লোবাল অ্যাগ্রো ট্রেড কোম্পানিকে (গ্যাটকো) পাইয়ে দেওয়া হয়েছে। এর মধ্য দিয়ে রাষ্ট্রের প্রায় এক হাজার কোটি টাকা ক্ষতি হয়েছে। ২০০৮ সালের ১৩ মে তদন্ত শেষে দুদকের উপ-পরিচালক জহিরুল হুদা খালেদা জিয়াসহ ২৪ জনের নামে চার্জশিট দাখিল করেন। চার্জশিটভুক্ত আসামিদের মধ্যে আটজন মারা গেছেন। তারা হলেন- সাবেক মন্ত্রী এম সাইফুর রহমান, আবদুল মান্নান ভূঁইয়া, এম কে আনোয়ার, এম শামছুল ইসলাম, জামায়াতে ইসলামীর সাবেক আমির মতিউর রহমান নিজামী, চট্টগ্রাম বন্দরের প্রধান অর্থ ও হিসাবরক্ষণ কর্মকর্তা আহমেদ আবুল কাশেম, বিএনপি চেয়ারপারসনের ছোট ছেলে আরাফাত রহমান কোকো ও সাবেক জ্বালানি প্রতিমন্ত্রী এ কে এম মোশাররফ হোসেন। মামলার অন্য আসামিরা হলেন- বিএনপির সাবেক মন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান কমোডর জুলফিকার আলী, প্রয়াত মন্ত্রী কর্নেল (অব.) আকবর হোসেনের স্ত্রী জাহানারা আকবর, দুই ছেলে ইসমাইল হোসেন সায়মন ও এ কে এম মুসা কাজল, এহসান ইউসুফ, সাবেক নৌ সচিব জুলফিকার হায়দার চৌধুরী, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাবেক সদস্য এ কে রশিদ উদ্দিন আহমেদ, গ্লোবাল অ্যাগ্রোট্রেড প্রাইভেট লিমিটেডের পরিচালক শাহজাহান এম হাসিব, গ্যাটকোর পরিচালক সৈয়দ তানভির আহমেদ ও সৈয়দ গালিব আহমেদ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান এ এস এম শাহাদত হোসেন, বন্দরের সাবেক পরিচালক (পরিবহন) এ এম সানোয়ার হোসেন ও বন্দরের সাবেক সদস্য লুৎফুল কবীর।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com



# মেহেরপুরে র‍্যাবের অভিযানে ৭ কেজি গাঁজাসহ আটক ১



**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে ৭ কেজি গাঁজা সহ মোঃ রাজিব ইসলাম (২৫) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র‍্যাব-১২ একটি দল। রবিবার দুপুরের দিকে গাংনী-সাহারবাটি চারচারা বাজারগামী পাকা রাস্তার কাটাখালীর মোড়ে অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত রাজিব ইসলাম কুষ্টিয়া মিরপুর থানার অঞ্জনগাছী গ্রামের মোঃ নজরুল ইসলামের ছেলে। এসময় মাদক-ক্রয় বিক্রয়ের কাজে ব্যবহৃত ০১টি ব্যাটারী চালিত ইজিবাইক, এবং ০১টি মোবাইল ফোন জব্দ করা হয়। র‍্যাবের এক প্রেসবিজ্ঞপ্তিতে জানা গেছে, গোপন সাংবাদের ভিত্তিতে গাংনী থানাধীন সাহারবাটি চারচারা বাজারগামী পাকা রাস্তার কাটাখালীর মোড়ে অভিযান পরিচালনা করে রাজিবকে গ্রেফতার করা হয়। এসময় তার ইজিবাইক তল্লাশি করে ৭ কেজি গাঁজা উদ্ধার করা হয়। এ সময় মাদক-ক্রয় বিক্রয়ের কাজে ব্যবহৃত ০১টি ব্যাটারী চালিত ইজিবাইক, এবং ০১টি মোবাইল ফোন জব্দ করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে এই মাদক ব্যবসায়ী দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে কুষ্টিয়া জেলার মিরপুর থানা হতে মেহেরপুর জেলার গাংনী থানায় এসে মাদকদ্রব্য গাঁজা ক্রয় করে মেহেরপুর ও কুষ্টিয়া জেলার বিভিন্ন এলাকায় বিভিন্ন মাদক ব্যবসায়ী ও মাদকসেবীদের নিকট বিক্রয় করে আসছে। গ্রেফতারকৃত আসামীকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর কার্যক্রম প্রক্রিয়াধীন।

# সৌদি আরবে ইউক্রেন বিষয়ে শান্তি আলোচনা

**আন্তর্জাতিক ডেস্ক :** রাশিয়া ও ইউক্রেন-উভয় দেশই বলছে আলোচনায় বসার আগে তাদের কিছু শর্ত রয়েছে। অন্যদিকে সংকট কাটিয়ে ইউক্রেনে স্থিতিশীলতা ফিরিয়ে আনার লক্ষ্যে আগামী সপ্তাহান্তে শান্তি আলোচনার আয়োজন করতে চায় মধ্যপ্রাচ্যের দেশ সৌদি আরব। ওয়াল স্ট্রিট জার্নালসহ বেশ কয়েকটি বার্তা সংস্থায় প্রকাশিত খবরে এ তথ্য জানানো হয়। খবরে আরো বলা হয়, সৌদি আরবের জেদ্দা শহরে অনুষ্ঠিত হবে এই শান্তি আলোচনা। বিভিন্ন পশ্চিমা দেশ, জাপান ও ইউক্রেনের প্রতিনিধিরা আলোচনায় অংশ নেবেন বলে জানা গেছে। তবে জেদ্দায় অনুষ্ঠিত এই আলোচনায় কোন দেশের কতজন প্রতিনিধি অংশ নেবেন সে বিষয়ে বিস্তারিত জানা যায়নি। এই আলোচনায় রাশিয়া অংশ নেবে কি না সে বিষয়ে স্পষ্ট ধারণা পাওয়া না গেলেও, দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন জানিয়েছেন, তিনি শান্তি আলোচনা প্রত্যাখ্যান করছেন না। অর্থাৎ রাশিয়ার পক্ষ থেকেও ইতিবাচক মনোভাব দেখা গেছে। রাজধানী সেন্ট পিটার্সবার্গে আফ্রিকার নেতাদের সঙ্গে সাক্ষাৎ শেষে পুতিন আরো বলেন, 'ইউক্রেনের সেনারা আক্রমণ চালিয়ে যাচ্ছে। আর তাই কোনো যুদ্ধবিরতি হতে পারে না।' উল্লেখ্য, ইউক্রেনে রাশিয়ার যুদ্ধ থামাতে কূটনৈতিক তৎপরতার অংশ হিসেবেই শান্তি আলোচনার আয়োজন করতে যাচ্ছে সৌদি আরব। যদিও দেশটি ইউক্রেনে রাশিয়ার হামলা শুরুর পর থেকে দুই দেশের সঙ্গেই কূটনৈতিক সম্পর্ক বজায় রাখার চেষ্টা চালিয়ে যাচ্ছিল। রাশিয়ার আগ্রাসনের বিরোধিতা করে একদিকে যেমন জাতিসংঘে আনা প্রস্তাবের পক্ষে ভোট দিয়েছিল, অন্যদিকে বিশ্ববাজারে তেল রপ্তানির নীতির বিষয়েও রাশিয়ার সঙ্গে নিবিড় সম্পর্ক বজায় রেখেছে দেশটি। ক্রিমিয়ায় ইউক্রেনের হামলা ইউক্রেনের দাবি, ক্রিমিয়ার একটি ল্যান্ড ব্রিজে হামলা চালিয়েছে সেনারা। তা ছাড়া দেশটির পূর্বাঞ্চলীয় বাখমুতের দিকেও ইউক্রেনের সেনারা অগ্রগতি অর্জন করেছে বলে দাবি দেশটির। এদিকে রাশিয়া বলছে, ক্রিমিয়ায় হামলা করতে আসা ইউক্রেনের ২৫টি ড্রোন ভূপাতিত করা হয়েছে।



# বাদ্যযন্ত্র পোড়াল তালেবান

**আন্তর্জাতিক ডেস্ক :** ক্ষমতা দখলের পর একের পর এক ঘটনায় তীব্র সমালোচনার মুখে পড়েছে তালেবান। গতকাল রোববার আফগানিস্তানের পশ্চিমে হেরাট প্রদেশে বেশ কিছু বাদ্যযন্ত্র পুড়িয়ে দিয়েছে তারা। রাষ্ট্র পরিচালিত বাখতার নিউজ এজেন্সি জানিয়েছে, তালেবানের নীতি পুলিশ এই কাজ করেছে। প্রমোশন অব ভার্চু অ্যান্ড দ্য প্রিভেনশন অব ভাইস নামের একটি বিভাগের প্রাদেশিক প্রধান শেখ আজিজ আল-রহমান আল-মুহাজির বলেছেন, কর্তৃপক্ষ বাদ্যযন্ত্রগুলো প্রথমে জব্দ করে। তারপর সেগুলো পুড়িয়ে দিয়েছে। তালেবান কর্তৃপক্ষ সংগীতকে একধরনের 'দুর্নীতি' বলে উল্লেখ করেছে। কর্তৃপক্ষের মতে, 'সংগীত তরুণ প্রজন্মকে ভুল পথে চালিত করে। সমাজের ধ্বংস ডেকে আনে।'২০২১ সালের আগস্টে ক্ষমতা দখলের পর তালেবান সরকার আফগান সংবাদমাধ্যমে সংগীতসংক্রান্ত যেকোনো অনুষ্ঠান সম্প্রচারে নিষেধাজ্ঞা জারি করেছিল। সম্প্রতি বিয়ে বা এ জাতীয় যেকোনো শুভ অনুষ্ঠানের হল মালিকদের নির্দেশ দেওয়া হয়, যাতে সেখানে কোনো রকম বাদ্যযন্ত্র না বাজানো হয়। সব রকম সংগীতকে নিষিদ্ধ করে ফতোয়া জারি করা হয়।



# হোটেলে ছাড়ের ঘোষণা ভারতের পাহাড়ি রাজ্যে

**আন্তর্জাতিক ডেস্ক :** বর্ষায় উত্তর ভারতের একটা বড় অংশ সংকটের মুখে। কয়েক দিন ধরে লাগাতার বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত। উত্তরাখণ্ড থেকে উত্তর প্রদেশ, দিল্লি একাধিক রাজ্যের বিস্তীর্ণ এলাকা পানির নিচে। বৃষ্টির কারণে মৃত্যুও হয়েছে অনেকের। এই পরিস্থিতিতে দেশটির পাহাড়ের পর্যটন প্রধান রাজ্যগুলোতে মুখ থুবড়ে পড়েছে ব্যবসা। বন্যার ভয়ে কেউ আর ঘুরতে যাচ্ছেন না। খালি পড়ে আছে হোটেলগুলো। পর্যটকের অভাবে ধুঁকতে থাকা হোটেলগুলো সচল করতে নতুন উদ্যোগ দেখা গেছে হিমাচল প্রদেশে। এই রাজ্যের হোটেল সংগঠনের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে, পর্যটকরা হোটেল ভাড়া করলে মোট মূল্যের ওপর ৫০ শতাংশ ছাড় পাবেন। পর্যটক টানতেই এই উদ্যোগ বলে জানিয়েছেন তারা। একই সঙ্গে, হিমাচলে বর্ষা পরিস্থিতি এখন স্বাভাবিক বলে জানিয়েছে রাজ্য সরকার। তাদের পক্ষ থেকে পর্যটকদের প্রতি আহ্বান জানানো হয়েছে। হিমাচলের এক মন্ত্রী জানিয়েছেন, তার রাজ্য এই মুহূর্তে পর্যটনের জন্য সম্পূর্ণ নিরাপদ। করোনা মহামারির ধাক্কা ধীরে ধীরে কাটিয়ে উঠেছে হিমাচল প্রদেশ। চলতি বছরের প্রথমার্ধে এই রাজ্যে এক কোটির বেশি পর্যটক গিয়েছিলেন। কিন্তু বর্ষায় সেই ব্যবসা ধাক্কা খেয়েছে। জুলাই মাসে প্রবল বৃষ্টি, পাহাড়ে ধসের কারণে হিমাচলের রাস্তাঘাট বিধ্বস্ত। বন্যার ভয়ে পর্যটকরা আর ঘুরতে যাননি। অনেক হোটেল ভাড়া করার পরও বাতিল করে দেওয়া হয়েছে।




# শৈলকুপায় শিক্ষানব্যবস্থায় সংকট ও উত্তরণের উপায় শীর্ষক আলোচনা সভা

**শৈলকুপা প্রতিনিধি :** ঝিনাইদহের শৈলকুপায় শিক্ষা ব্যবস্থায় সংকট ও উত্তরণের উপায় শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকাল ৪টায় শৈলকুপা পাবলিক হল ও লাইব্রেরির প্রকৌশলী ড. গোলাম মোস্তফা মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) বনি আমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ড. মিয়া মো: রাসিদুজ্জামান। প্রধান আলোচক ছিলেন শিক্ষক আকমল হোসেন। এছাড়াও বক্তব্য রাখেন শিক্ষক এস,এম, কোবাদ আলী, বাবু সুব্রত কুমার মল্লিক, সুজনুজ্জামান ( সুজন) সহকারী শিক্ষক, ফজলুর রহমান প্রমুখ।

# রাশিয়ায় ক্যাম্পসাইটে 'হারিকেন'-এর আঘাত, নিহত ৮

**আন্তর্জাতিক ডেস্ক :** রাশিয়ায় 'হারিকেন' হিসেবে বর্ণিত একটি তীব্র ঝড়ের সময় একটি ক্যাম্পসাইটে গাছ ভেঙে পড়ায় আটজন মারা গেছে এবং আরো ১০ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে গতকাল রোববার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে। ইয়োশকার-ওলা শহরের মেয়র ইয়েভজেনি মাসলভ বলেছেন, 'সর্বশেষ তথ্য অনুযায়ী, আগের দিন ঘটে যাওয়া হারিকেনের কারণে মারি এলে আটজন মারা গেছে।' মারি এল ভোলগা নদীর উত্তর তীরে অবস্থিত একটি রাশিয়ান অঞ্চল এবং ইয়োশকার-ওলা এটির বৃহত্তম শহর। জরুরি মন্ত্রণালয় বলেছে, প্রায় ১০০ জন উদ্ধারকারী ইয়ালচিক হ্রদের কাছে একটি ক্যাম্পসাইটের ধ্বংসাবশেষ পরিষ্কার করছেন। এ ঘটনায় সামগ্রিকভাবে ২৭ জন আহত হয়েছে বলে তারা জানিয়েছে। মন্ত্রণালয় মেসেজিং অ্যাপ টেলিগ্রামে বলেছে, 'অবকাশ যাপনকারীরা আবহাওয়ার পূর্বাভাসকে আমলে নেয়নি।'

# অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে কলম্বিয়ায় প্রেসিডেন্টের ছেলে গ্রেপ্তার

**আন্তর্জাতিক ডেস্ক :** অর্থপাচার ও অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে কলম্বিয়ান প্রেসিডেন্টের ছেলে ও তার সাবেক স্ত্রীকে। তাদের বিরুদ্ধে গত বছরের নির্বাচনী প্রচারণার সময় মাদক পাচারকারীদের কাছ থেকে অবৈধ অর্থ নেওয়ার অভিযোগে তদন্ত চলছে। কলম্বিয়ার চিফ প্রসিকিউটরের কার্যালয় এক বিবৃতিতে বলেছে, শনিবার স্থানীয় সময় সকাল ৬টার দিকে বোগোটার একটি আদালতের নির্দেশে নিকোলাস পেত্রো ও তার সাবেক স্ত্রী ডেসুরিস ভাজকেজকে হেফাজতে নেওয়া হয়েছে। অভিযুক্তদের আদালতে হাজির করা হলে অস্থায়ী আটকাদেশ চাওয়া হবে বলে জানানো হয়েছে। এদিকে, কলম্বিয়ান প্রেসিডেন্ট গুস্তাভো পেত্রো বলেছেন, তিনি বা তার সরকার এই তদন্তে কোনো ধরনের হস্তক্ষেপ করবে না। প্রেসিডেন্ট সোশ্যাল মিডিয়ায় বলেছেন, একজন পিতা হিসেবে ছেলেকে জেলে যেতে দেখে আমার কষ্ট হচ্ছে। কিন্তু রাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে আমি প্রধান প্রসিকিউটর অফিসকে আশ্বস্ত করেছি, তারা আইন অনুসারে এগিয়ে যাওয়ার গ্যারান্টি পাবে। গুস্তাভো বলেছেন, তিনি তার ছেলের জন্য 'সৌভাগ্য ও শক্তি' কামনা করছেন। এই ঘটনাগুলো যেন তার চরিত্র গঠনে ভূমিকা রাখে এবং সে তার নিজের ভুলত্রুটিগুলো সম্পর্কে চিন্তা করে। প্রেসিডেন্টপুত্রের গ্রেপ্তারের ঘটনাকে গুস্তাভো সরকারের ওপর বড় ধাক্কা হিসেবে দেখা হচ্ছে। যদিও গত মার্চ মাসে তদন্ত শুরু হলে নিকোলাস পেত্রো নিজেই বিষয়টিকে স্বাগত জানিয়েছিলেন এবং তার বাবার শান্তিপ্রচেষ্টায় অন্তর্ভুক্ত করার বিনিময়ে মাদক পাচারকারীদের কাছ থেকে অর্থ নেওয়ার অভিযোগকে ভিত্তিহীন বলেছিলেন। তবে জুনিয়র পেত্রোর সাবেক স্ত্রী ভাজকুয়েজ এ বছরের শুরুর দিকে স্থানীয় মিডিয়ার সামনে অভিযোগ করেন, মাদক পাচারে জড়িত থাকার অভিযোগে অভিযুক্ত দুই ব্যক্তি নিকোলাসকে তার বাবার নির্বাচনী প্রচারণার জন্য অর্থ দিয়েছিলেন। ভাজকুয়েজের দাবি, মাদক পাচারকারীদের দেওয়া সেই অর্থ কলম্বিয়ার উত্তরাঞ্চলীয় শহর ব্যারানকুইলায় বিলাসবহুল জীবনযাপনের জন্য ব্যবহার করা হয়েছিল। সেমানা ম্যাগাজিনকে দেওয়া সাক্ষাৎকারে তিনি দাবি করেন, তার সাবেক স্বামী এক সাবেক মাদক পাচারকারীর কাছ থেকে ১ লাখ ২৪ হাজার ডলারের সমতুল্য অর্থ নিয়েছেন। স্যামুয়েল সান্তান্ডার লোপেসিয়েরা নামে ওই ব্যক্তি মাদক পাচারের দায়ে যুক্তরাষ্ট্রে ১৮ বছর কারাভোগ করেছিলেন।




# ঘুমিয়ে পড়লেন চালক, বাস উল্টে নিহত ৫

**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানের পাঞ্জাবে একটি বাস উল্টে অনন্ত পাঁচজন নিহত এবং আরও ২০ জন গুরুতর আহত হয়েছে। গতকাল রোববার সকালে রাজনপুর জেলার ফাজিলপুর এলাকায় এ ঘটনা ঘটে। খবর জিও নিউজ। উদ্ধারকারী কর্মকর্তারা জানান, বাসটি সখী সারওয়ার থেকে জ্যাকোবাবাদে ফেরার পথে এ দুর্ঘটনা ঘটে। চালক ঘুমিয়ে পড়লে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। খবর পেয়ে উদ্ধারকারী দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠায়। গুরুতর আহত ব্যক্তিদের রাজনপুর জেলা হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে এবং অন্যান্যের ফাজিলপুরের একটি স্থানীয় হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। দুর্ঘটনায় নিহত বাসের যাত্রীদের মধ্যে একজন নারী ও দুই শিশু রয়েছে। রেসকিউ সার্ভিসের জেলা ইনচার্জ ডাঃ আসলাম জানান, বাসের চালক ঘুমিয়ে পড়ায় নিয়ন্ত্রণ হারিয়ে এ দুর্ঘটনা ঘটে। বাবুসার টপের কাছে গীতি-দাস এলাকায় আরেকটি বাস ট্র্যাজেডির কয়েকদিন পর এই দুর্ঘটনা ঘটে, যাতে আটজন নিহত এবং বেশ কয়েকজন আহত হয়।

# আজ থেকে বিশ্বকাপ প্রস্তুতি শুরু টাইগারদের

**স্পোর্টস প্রতিবেদক :** এশিয়া কাপ শুরু হতে বাকি ঠিক আর এক মাস। এশিয়ার শ্রেষ্ঠত্বের আসর শেষ হওয়ার আড়াই সপ্তাহের মধ্যে মাঠে গড়াবে বিশ্বকাপ। সব মিলিয়ে তেমন বেশি সময় বাকি নেই। বিশ্ব আসরে দৃষ্টি রেখে আর এশিয়া কাপের জন্য নিজেদের প্রস্তুত করার অভিযান শুরু হয়ে যাচ্ছে বাংলাদেশ দলের। চলতি মাসেই আফগানিস্তানের বিপক্ষে সিরিজ শেষে সপ্তাহ দুয়েকের বিরতি কাটিয়েছেন ক্রিকেটাররা। মাঝের সময়ে তেমন কিছু ছিল না দেশের ক্রিকেটে। তবে বিভিন্ন বিদেশি লিগে ব্যস্ত সময় কাটছে সাকিব আল হাসান, মুশফিকুর রহিম, তাসকিন আহমেদ, লিটন দাসদের। তাদের ছাড়াই এবার শুরু হচ্ছে জাতীয় দলের ব্যস্ততা। মিরপুর শের-ই বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে সোমবার শুরু হবে জাতীয় ক্রিকেটারদের প্রস্তুতি পর্ব। সবার শারীরিক অবস্থা পরখ করতে শুরুতে হবে ফিটনেস ট্রেনিং। সেখান থেকে কিছু ক্রিকেটার কমিয়ে এশিয়া কাপের জন্য প্রাথমিক দল ঘোষণা করবেন নির্বাচকরা। বিসিবি সভাপতি নাজমুল হাসান নানা সময়ে বেশ কয়েক বার বলেছেন, এশিয়া কাপের দলটিই অপরিবর্তিত রাখা হতে পারে ভারতে অনুষ্ঠেয় বিশ্বকাপের জন্য। যদিও বাংলাদেশ দলের যা বাস্তবতা, তাতে এশিয়া কাপ হয়ে উঠতে পারে বিশ্বকাপের দল নির্বাচনী আসর। কয়েকটি জায়গা নিয়ে সংশয়ের অবকাশ যে আছে এখনও। এশিয়া কাপের পরপরই ঘরের মাঠে নিউ জিল্যান্ডের বিপক্ষে সিরিজ থাকায় বিশ্বকাপ প্রস্তুতির জন্য আলাদা সময় মিলবে না বললেই চলে। আপাতত সামনে তাই এশিয়া কাপ হলেও এই অনুশীলন ক্যাম্প দিয়েই মূলত বিশ্বকাপের প্রবাহে নেমে পড়ছে দল। এখান থেকেই সামনের দুই বড় টুর্নামেন্টের জন্য নিজেদের ঝালিয়ে নিতে হবে ক্রিকেটারদের। বিসিবিতে রোববার সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে প্রধান নির্বাচক মিনহাজুল আবেদীন জানান, এই ক্যাম্পের জন্য একটি প্রাথমিক দল প্রস্তুত করেছেন তারা। "আমাদের ফিটনেস ক্যাম্প শুরু হচ্ছে আজ সোমাবার। বৃহস্পতিবার ইয়ো ইয়ো টেস্ট আছে। আমরা দেখতে চাচ্ছি, ক্রিকেটারদের ফিটনেস এখন কোন পর্যায়ে আছে। তাদের স্ট্যান্ডার্ডটা দেখার জন্য (ইয়ো ইয়ো টেস্ট) আমরা প্রায় ৩২ জন খেলোয়াড় তৈরি করেছি। ওরা এসে ইয়ো ইয়ো টেস্ট দিয়ে যাবে।" বোর্ডের কেন্দ্রীয় চুক্তিবদ্ধ ক্রিকেটাররা ছাড়াও বাংলা টাইগার্স ও হাই পারফরম্যান্স (এইচপি) ইউনিট মিলিয়ে এই প্রাথমিক দল প্রস্তুত করা হয়েছে। সেখান থেকে কিছু ক্রিকেটার কমিয়ে পরে ৮ অগাস্ট শুরু হবে এশিয়া কাপের স্কিল ট্রেনিং।



# বার্সার কাছে রিয়ালের হার

**স্পোর্টস ডেস্ক :** সুদূর মার্কিন যুক্তরাষ্ট্রে হলেও রিয়াল মাদ্রিদ-বার্সেলোনার এল ক্লাসিকো তার চরিত্র বদলায়নি একটুও। প্রাক মৌসুম প্রস্তুতি ম্যাচেও চিরাচরিত উত্তেজনা-উত্তাপ দেখা গেলো দুই চিরপ্রতিদ্বন্দ্বীর লড়াইয়ে। কিন্তু জয়টা হয়েছে নিখুঁত পারফর্মারদের। প্রীতি ম্যাচে রিয়াল মাদ্রিদকে ৩-০ তে বিধ্বস্ত করেছে বার্সা। টেক্সাসে কার্লো আনচেলত্তির দলের জন্য ব্যাপারটা দুর্ভাগ্যের বলতেই হবে। পাঁচবার গোলের কাছে গিয়েও তাদের শট গিয়ে আঘাত করেছে গোলপোস্টে। অথচ বল দখলের লড়াইয়ে এগিয়ে ছিল মাদ্রিদই। কিন্তু তাদের চেয়ে ফিনিশিংয়ে বেশি নিখুঁত হওয়াতে সাফল্য পেয়েছে লা লিগা চ্যাম্পিয়নরা। ১৫ মিনিটে পেদ্রির পাস থেকে জাল কাঁপান দেম্বেলে। পাঁচ মিনিট বাদে রিয়ালের সুযোগ ছিল সমতা ফেরানোর। বার্সা ডিফেন্ডার বক্সে হ্যান্ডবল করলে রিয়াল মাদ্রিদ পেনাল্টি পেয়েছিল। কিন্তু ভিনিসিয়ুস জুনিয়র করে বসেন মারাত্মক ভুল। বল সরাসরি মেরে বসেন ক্রসবারে! রিয়ালকে এই উডওয়ার্ক হতাশ করেছে বার বার। প্রথমার্ধেই আবার ভিনিসিয়ুসের বল প্রথম চেষ্টায় আঘাত করে ক্রসবারে। তার পর জুড বেলিংহাম গোলকিপারকে কাটিয়ে হেড করলে সেটিও আঘাত করে পোস্টে! বিরতির আগ মুহূর্তে আবার কড়া চ্যালেঞ্জকে ঘিরে উত্তেজনা ছড়ায় দুই শিবিরে। পরিস্থিতি অবনতি হওয়ার আগেই হাফটাইমের বাঁশিতে কেটে গেছে তা। দ্বিতীয়ার্ধেও নিজেদের ভাগ্য ফেরাতে পারেনি রিয়াল। এই অর্ধে আবারও শট আঘাত করে ক্রসবারে। বদলি নামানোর কৌশলটা শেষ দিকে কাজে দেয় বার্সার। ৮৫ মিনিটে স্কোর ২-০ করে দেন বদলি হয়ে নামা ফেরমিন লোপেজ।

তার পর ভিনিসিয়ুস আবার ব্যর্থ হলে স্টপেজ টাইমে স্কোর ৩-০ করে দেন ফেরান তোরেস। ম্যাচের পর বার্সা কোচ জাভি হার্নান্দেস স্বীকার করেছেন যে, 'এই ফল ভিন্ন হলেও হতে পারতো। ম্যাচের ফল কিন্তু বিভ্রান্তি ছড়াবে। কারণ মাদ্রিদ অনেক সুযোগ পেয়েছে। ফলে আমাদের অতিআত্মবিশ্বাসী হওয়ার সুযোগ নেই। ফল হয়তো আমাদের পক্ষে। কিন্তু আহামরি কোনো পারফর্ম করিনি, উন্নতির অনেক কিছু আছে।'

## বিনোদন

# 'অস্বীকৃতি'র জন্য স্বীকৃতি পেলেন মৌসুমী

**বিনোদন প্রতিবেদক :** একটি কথা বেশ প্রচলিত, 'যিনি রাঁধেন তিনি চুলও বাঁধেন।'- এ কালে এসে কথাটিকে অন্যভাবে বলা যায়, 'যিনি উপস্থাপনা করেন তিনি অভিনয়ও পারেন।' যার অনন্য দৃষ্টান্ত সময়ের জনপ্রিয় উপস্থাপিকা মৌসুমী মৌ। উপস্থাপনার পাশাপাশি ছোট পর্দা এবং মঞ্চে তার দক্ষ অভিনয় ইতিমধ্যেই সাড়া ফেলেছে দর্শকদের মধ্যে। সম্প্রতি মরক্কোতে ৩৫তম আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় থিয়েটার উৎসবে অংশ নিয়ে আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে ঢাকা ইউনিভার্সিটি মাইম অ্যাকশন (ডুমা)। 'অস্বীকৃতি' দিয়ে সেরা নারী পারফরমারের স্বীকৃতি পেলেন দলটির সদস্য মৌসুমী মৌ। মরক্কোর প্রাচীন শহর কাসাব্লাংকায় অবস্থিত দ্বিতীয় হাসান ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয় ৩৫তম নাট্যোৎসব। মোট ৭টি ক্যাটাগরি ছিল দেওয়া হয় পুরস্কার। এতে বেস্ট কোরিওগ্রাফির পুরস্কার পেয়েছে ইতালি, বেস্ট সিনোগ্রাফি ইতালি, বেস্ট ফিমেল অ্যাক্টর যৌথভাবে মরোক্কো বেস্ট অ্যাক্ট্রেস বাংলাদেশ (মৌসুমী মৌ ও মরোক্কো সামিয়া এলয়াসুলি), বেস্ট ডিরেক্টর জার্মানি, বেস্ট স্ক্রিপ্ট রাইটার মরোক্কো দ্য স্পেশাল প্রাইস অব জুরি। বেস্ট ফিমেল অ্যাক্টর যৌথভাবে মরোক্কো বেস্ট অ্যাক্ট্রেস বাংলাদেশ (মৌসুমী মৌ ও মরোক্কো (সামিয়া) 'অস্বীকৃতি' রচনা ও নির্দেশনায় আছেন শাহরিয়ার শাওন। অভিনয় করেছেন মৌসুমী মৌ, মো. মেহেদী হাসান সোহান, শাহরিয়ার শাওন এবং মীর লোকমান। মৌয়ের হাতে সেরা পারফরমারের পুরস্কার তুলে দেওয়ার সময় পাশে ছিলেন বাংলাদেশ দলের দলনেতা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক তাওহিদা জাহান। মরক্কোতে ৩৫তম আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় থিয়েটার উৎসবে ঢাকা ইউনিভার্সিটি মাইম অ্যাকশন (ডুমা) এর প্রতিনিধিদল মরক্কো থেকে মেহেদী হাসান সোহান সংবাদ মাধ্যমকে জানান, 'আমরা আমাদের সেরা পারফরম্যান্স টাই করার চেষ্টা করেছি। মনে মনে আশাও ছিলো কোনো একটা পুরস্কার পাবো। আর যখন বেস্ট ফিমেল পারফরমার নমিনী ঘোষণা করলো তখন মৌসুমি আপুর নাম শুনে এত আনন্দ লাগতেছিল যা বলো বোঝানো যাবে না। অবশেষে যখন বেস্ট ফিমেল পারফরমার আমাদের তখন পুরা অডিটোরিয়াম জুড়ে বাংলাদেশ-বাংলাদেশ রব। আমাদের প্রশংসা করেছে সবাই। এই আমাদের অনেক বড় একটি অর্জন। এই অর্জন ঢাকা ইউনিভার্সিটি মাইম অ্যাকশনের, পুরো বাংলাদেশের।' গত বৃহস্পতিবার 'অস্বীকৃতি', 'চেয়ার: দ্য সাইন অব পাওয়ার', 'ভালোবাসা' এবং 'অতঃপর, সুবোধ পালাবে না আর'-চারটি স্কেচ নিয়ে ৪০ মিনিটের প্রযোজনাটি পরিবেশন করেছেন বাংলাদেশের শিল্পীরা।



# সেরা অভিনেত্রীর পুরস্কার পেলেন রুনা খান

**বিনোদন প্রতিবেদক :** অভিনেত্রী রুনা খান দীর্ঘ ক্যারিয়ারে সময়ের সঙ্গে সঙ্গে নিজেকে নতুনভাবে আবিষ্কার করেছেন। সামাজিক যোগাযোগমাধ্যমে প্রায় সময়ই বিভিন্ন রূপে মুগ্ধতা ছড়ান এই অভিনেত্রী। সম্প্রতি ওয়েব সিরিজ 'বোধ'র জন্য 'ময়ূরপঙ্খী স্টার অ্যাওয়ার্ড-২০২৩'-এর সেরা অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন তিনি। শনিবার দুপুরে তার ভেরিফায়েড ফেসবুক পেজে খবরটি নিজেই জানিয়েছেন রুনা খান। অমিতাভ রেজা চৌধুরীর নির্মাণে গেল বছরের ৪ নভেম্বর ওটিটি প্ল্যাটফর্ম হইচই'তে মুক্তি পায় ওয়েব সিরিজ 'বোধ'। মুক্তির পরেই বেশ প্রশংসা কুড়ায় সিরিজটি। এতে একজন শিক্ষিকার চরিত্রে অভিনয় করেছিলেন রুনা। পর্দায় তাঁর অভিনয় রীতিমতো নজর কাড়ে দর্শকদের। তারই সাফল্য হিসেবে অ্যাওয়ার্ডটি পেয়েছেন এই অভিনেত্রী। এতে অবসরপ্রাপ্ত বিচারপতি আলমগীর হোসেনের চরিত্রে অভিনয় করেছেন একুশে পদকপ্রাপ্ত অভিনয়শিল্পী আফজাল হোসেন। একটি বিশেষ চরিত্রে আছেন বর্ষীয়ান অভিনয়শিল্পী দিলারা জামান।



# ছেলের বাবা হলেন 'ব্যাচেলর পয়েন্ট' এর কাবিলা

**বিনোদন প্রতিবেদক :** ছেলে সন্তানের বাবা হলেন অভিনেতা জিয়াউল হক পলাশ। রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে রোববার সকাল সাড়ে ৯ টায় পলাশের স্ত্রী নাফিসা রুম্মান মেহনাজ ফুটফুটে পুত্র সন্তানের জন্ম দেন। এই তথ্য নিশ্চিত করে জিয়াউল হক পলাশ জানিয়েছেন, আমি ভীষণ আনন্দিত। সন্তান ও তার মা ভালো আছে।

সবাই আমার পুত্রের জন্য দোয়া করবেন। গেল বছরের ১৬ ডিসেম্বর বিয়ের খবর প্রকাশ্যে নিয়ে আসেন পলাশ। তখন জানানো হয়, কিছুদিন আগে পারিবারিকভাবে বিবাহ বন্ধনে আবদ্ধ হন এই অভিনেতা। পলাশের স্ত্রীর নাম নাফিসা রুম্মান মেহনাজ। নর্থসাউথ বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় প্রশাসন অনুষদে স্নাতক সম্পন্ন করে একই বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর করছেন তিনি। পাশাপাশি একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত আছেন। পলাশের দূরসম্পর্কের আত্মীয় ছিলেন নাফিসা রুম্মান মেহনাজ। পরিচালক কাজল আরেফিন অমির সহকারী থেকে অভিনয়ে আসেন পলাশ। জনপ্রিয় এই নির্মাতার সিরিয়াল 'ব্যাচেলর পয়েন্ট' এর কাবিলা চরিত্র পলাশকে তারকাখ্যাতি এনে দিয়েছে। অভিনয়ের পাশাপাশি পলাশ নির্মাণেও মনোযোগী।



# ভবিষ্যৎ নিয়ে এখনই কিছু বলতে চান না অপু বিশ্বাস

**বিনোদন প্রতিবেদক :** ঢালিউডের দুই তারকা শাকিব খান ও অপু বিশ্বাসের দাম্পত্য সম্পর্ক নিয়ে অনেক দিন ধরেই আলোচনা চলছে। এরইমধ্যে ছেলেকে নিয়ে দু'জনের একসঙ্গে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থানে ভ্রমনের ছবি এবং ভিডিও দেখা যাওয়ার পরই শাকিব-অপুর এক হওয়া নিয়ে প্রশ্ন উঠে। এদিকে গত ২৭ জুলাই যুক্তরাষ্ট্র থেকে দেশে ফেরার পর অপু আবার সোজা চলে যান কলকাতা পঞ্চম বাংলাদেশ চলচ্চিত্র উৎসবে যোগ দিতে। সেখানে ভারতীয় সংবাদমাধ্যমের সঙ্গে আলাপকালে শাকিবের সঙ্গে সম্পর্ক নিয়ে পরিকল্পনার কথা জানান অপু বিশ্বাস। কলকাতা পঞ্চম বাংলাদেশ চলচ্চিত্র উৎসবে নন্দনে অপু বিশ্বাসের 'লাল শাড়ি' সিনেমাটি দেখানো হচ্ছে। উৎসবে যাওয়ার পর ভারতীয় সংবাদমাধ্যম আনন্দবাজারের সঙ্গে কথা বলেছেন অভিনেত্রী। এ সময় এ অভিনেত্রী জানান, আমেরিকা সফর ছিল পুরোটাই ছেলে জয়ের কথা ভেবে। মা-বাবাকে একসঙ্গে পেয়ে অনেক খুশি হয়েছে জয়। সকালে ঘুরতে বেরিয়ে যেত। মাঝে মাঝে একটু বায়না করতো। যখন যা দেখছে সেটাই কিনবে সে। সেই সময় একটু শাসন করতে হয়, বাচ্চা তো। এছাড়া শাকিবের সঙ্গে শিগগিরই সংসার শুরু করবেন কিনা-এ প্রশ্নের জবাবে অপু বলেন, আমাদের একসঙ্গে দেখে অনেকেই খুশি। অনেকে শুভেচ্ছা বার্তাও দিয়েছেন। আমরা ব্যক্তিগত জীবনে কী করব, কোন দিকে যাব সেটা আমাদের ভবিষ্যৎ। এই বিষয়ে এখনই কিছু বলতে চাই না। দাম্পত্য সম্পর্কের ব্যাপারে এ নায়িকা আরও বলেন, আমাদের সম্পর্কের ভবিষ্যৎ পরবর্তীতে যা হবে, তা গোপনই থাক। এ বিষয়ে এখনই কিছু জানাতে চাই না। প্রসঙ্গত, ২০১৭ সালের ১০ এপ্রিল একটি বেসরকারি টেলিভিশনে লাইভে এসে শাকিব খানের সঙ্গে বিয়ের কথা প্রকাশ্যে এনেছিলেন অপু বিশ্বাস। সঙ্গে একমাত্র ছেলে জয়কে নিয়ে এসেছিলেন অভিনেত্রী। সেই সময় সাক্ষাৎকারে জানিয়েছিলেন, ২০০৮ সালে শাকিব খানের সঙ্গে বিয়ে হয়েছে তার। ২০১৬ সালের ২৭ সেপ্টেম্বর কলকাতায় একমাত্র ছেলের জন্ম হয়। কিন্তু পরবর্তীতে বিয়ের খবর এভাবে প্রকাশ্যে আনায় বিপাকে পড়েন ঢালিউড ক্যুইন। শাকিব খান ২০১৭ সালের ২২ নভেম্বর অপু বিশ্বাসকে তালাকের জন্য আবেদন করেন। পরে ২০১৮ সালের ২২ ফেব্রুয়ারি তালাক হয় এই তারকা দম্পতির।



# আগামী সপ্তাহে চমক নিয়ে আসছে জায়েদ খান

**বিনোদন ডেস্ক :** এক মাসেরও বেশি সময় পর যুক্তরাষ্ট্র থেকে রোববার ভোর ৪টায় দেশে ফিরেছেন চিত্রনায়ক জায়েদ খান। নিজের জন্মদিনের দিন দেশে ফিরে বেশ খুশি এই সমালোচিত চিত্রনায়ক। জন্মদিনের শুভেচ্ছা জানানোর পর জায়েদ খান বলেন, 'জন্মদিনে সবার ভালোবাসা পাচ্ছি। আগামী সপ্তাহে আমি আমার ভক্তদের একটি চমক দিব।' তাহলে কি আগামী সপ্তাহে বিয়ে করেছেন জায়েদ খান। চমক প্রসঙ্গে প্রতিবেদকের এমন প্রশ্নে জায়েদের ভাষ্য, 'হতেও পারে। চমক তো আগে বলে দিলে চমক থাকলো না, অপেক্ষা করতে হবে।' ২০০৮ সালে খ্যাতিমান নির্মাতা মহম্মদ হান্নান পরিচালিত 'ভালোবাসা ভালোবাসা' সিনেমার মাধ্যমে বড়পর্দায় নাম লেখান জায়েদ খান। সিনেমার পাশাপাশি তিনি বিজ্ঞাপনে মডেলিংও করেছেন।